**ডিপার্টমেন্ট অফ দ্যা ট্রেজারি** **ডিপার্টমেন্ট অফ স্টেট** **ইউনাইটেড স্টেটস্ কোস্ট গার্ড**

# সামুদ্রিক বা মেরিটাইম শিল্প, জ্বালানি ও ধাতব শিল্পের খাত, এবং সংশ্লিষ্ট কমিউনিটির জন্য নিষেধাজ্ঞা বা স্যাংশন উপদেশক

**ইস্যুর তারিখ:** **14 মে, 2020**

**শিরোনাম:** **অবৈধ শিপিং এবং স্যাংশন এড়িয়ে যাবার চর্চাগুলো মোকাবিলা করার পথনির্দেশ**

সামুদ্রিক বা মেরিটাইম শিল্প ও জ্বালানি ও ধাতব শিল্পে যারা সম্পৃক্ত তাদের জন্য অবৈধ শিপিং এবং নিষেধাজ্ঞা এড়িয়ে যাওয়ার বর্তমান এবং উত্থানশীল প্রবণতা মোকাবেলায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর (U.S. ডিপার্টমেন্ট অভ স্টেট), U.S. ডিপার্টমেন্ট অফ দ্যা ট্রেজারিস্ অফিস অফ ফরেন অ্যাসেটস্ কন্ট্রোল (OFAC) (যুক্তরাষ্ট্রের কোষাগার দপ্তরের বৈদেশিক সম্পদ নিয়ন্ত্রণ অফিস), এবং U.S. কোস্ট গার্ড এই উপদেশক বার্তা প্রচার করছে। এই উপদেশক বার্তাটি, নিষেধাজ্ঞা বা স্যাংশন এড়ানো, চোরাচালান, অপরাধমূলক কর্মকান্ড, সন্ত্রাসবাদী কর্মকান্ডে সহায়তা দান, এবং ব্যাপক ক্ষতিসাধনকরী অস্ত্র (WMD) বিস্তার রোধে, বিশেষত ইরান, উত্তর কোরিয়া, ও সিরিয়ার সাথে, বেসরকারি শিল্প খাতগুলোর সাথে যুক্তরাষ্ট্রের সরকারের অঙ্গীকারের প্রতিফলন করছে। সংযুক্তি A এবং B-এর সাথে একত্রিত করে, এই উপদেশক উত্তর কোরিয়ার শিপিং সম্পর্কিত OFAC উপদেশক যা 23 ফেব্রুয়ারি, 2018 ও 21 মার্চ, 2019 তারিখ ইস্যু করা হয়েছে, ইরান-সম্পর্কিত শিপিং OFAC উপদেশক যা 4 সেপ্টেম্বর, 2019 তারিখ ইস্যু করা হয়েছে, এবং সিরিয়া-সম্পর্কিত শিপিং OFAC উপদেশক যা 20 নভেম্বর, 2018 ও 25 মার্চ, 2019 তারিখ ইস্যু করা হয়েছে সেগুলোকে হালনাগাদ ও বর্ধিত করছে। পরবর্তী একটি তারিখে, OFAC হয়ত এই উপদেশকের প্রবর্ধিত হালনাগাদ জারী করতে পারে, এতে অন্তর্ভুক্ত জাহাজের তালিকা যেটা পূর্ববর্তী শিপিং উপদেশকে উল্লিখিত হয়েছে।

এই উপদেশকটি নিষেধাজ্ঞা আরোপের ঝুঁকিগুলি নিয়ে আলোচনা করে এবং এতে সাধারণ প্রতারণাপূর্ণ শিপিং চর্চাগুলো উল্লিখিত হয়েছে এবং নীতিমালা ও কার্যপ্রণালী অনুসারে পূর্ববর্তী পদক্ষেপ ও নিষেধাজ্ঞাসমূহ আরও সুচারুভাবে পালনের সাধারণ সহায়তা সুনির্দিষ্ট করে। এটা মূলত নিম্নলিখিতের প্রতি নির্দেশনা প্রদানের উদ্দেশ্য প্রণিত হয়েছে: জাহাজের মালিক, ম্যানেজার, চালক, জাহাজের বিবিধ সামগ্রী সরবরাহকারী, পতাকা বা ফ্ল্যাগ রেজিস্টারকারী, বন্দর পরিচালনাকারী, শিপিং কম্পানি, মালবাহী অগ্রবর্তী জাহাজ, শ্রেণীবিভাগ সার্ভিস প্রদানকারী, নিত্য প্রয়োজনীয় পণ্য ব্যবসায়ী, বিমা কম্পানি, এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ।[1,2] এই উপদেশক নিষেধাজ্ঞা এড়ানোর জন্য যে প্রতারণামূলক চর্চাগুলো ব্যবহৃত হয় সেগুলো এবং সুনির্দিষ্ট সামুদ্রিক শিল্প খাতে ব্যবসারত উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ যারা ঝুঁকি-ভিত্তিক নিষেধাজ্ঞা বা স্যাংশন প্রতিপালনকারী কর্মসূচি পরিগ্রহণ করা বিবেচনা করছে, যা নীতিমালা ও কার্যপ্রণালী উভয় বিষয়ে হালানাগাদকৃত তথ্য অন্তর্ভুক্ত করে।

বেসরকারি শিল্প খাতের প্রতিষ্ঠানগুলোর নিষেধাজ্ঞার ঝুঁকি যথাযথভাবে মূল্যায়ন করা, এবং প্রয়োজন অনুযায়ী, তাদের প্রতিপালনমূলক কর্মসূচিগুলোতে যেকোনো ব্যবধান শনাক্ত হবে সেগুলোর জন্য প্রতিপালন নিয়ন্ত্রণ বাস্তবায়ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ যখন উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকা হিসেবে তারা সিদ্ধান্ত নিয়েছে সেসব এলাকার কাছাকাছি অথবা অভ্যন্তরে, যেই এলাকাগুলো প্রতিনিয়ত সম্ভাব্য নিষেধাজ্ঞামূলক পরিবহন-সংক্রান্ত কর্মকান্ডের জন্য ব্যবহৃত হতে পারে। যুক্তরাষ্ট্র অশোধিত তেল, শোধিত পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, ইস্পাত, লোহা, অ্যালুমিনাম, কপার, বালু, এবং কয়লা সহ জ্বালানি ও ধাতব শিল্পখাতের বাণিজ্যের সরবরাহের সাথে জড়িত প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গকে এই উপদেশক পর্যালোচনা এবং প্রয়োজনীয় বা যুক্তিযুক্ত হিসেবে বিবেচিত হলে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে উৎসাহিত করছে।

[1] যদিও এই উপদেশক-এ মূলত নিষেধাজ্ঞার ঝুঁকি আলোচিত হচ্ছে, যুক্তরাষ্ট্রের আর্থিক প্রতিষ্ঠানগুলোর সচেতন হওয়া উচিত যে, 31 CFR অধ্যায় X-এর সন্দেহজনক কর্মকান্ড রিপোর্ট করার আবশ্যকতার সাথে সামঞ্জস্য রেখে, যদি একটি আর্থিক প্রতিষ্ঠান জানে, সন্দেহ করে, অথবা সন্দেহ করার যৌক্তিকতা আছে কারণ একটি আর্থিক লেনদেনের কোনো ভিত্তি বা কার্যত আইনগত বৈধ উদ্দেশ্য নেই অথবা সুনির্দিষ্ট কাস্টমার সাধারণত এই ধরণের লেনদেনে সম্পৃক্ত হবে বলে প্রত্যাশিত নয়, এবং এর পাশাপাশি আর্থিক লেনদেনের পটভূমি ও সম্ভাব্য উদ্দেশ্য নেই, তাহলে আর্থিক প্রতিষ্ঠানের একটি সন্দেহজনক কর্মকান্ড প্রতিবেদন (সাসপিশাস অ্যাকটিভিটি রিপোর্ট, SAR) পূরণ করতে হবে। 31 CFR §§ 1020.320, 1021.320, 1022.320, 1023.320, 1024.320, 1025.320, 1026.320, 1029.320, এবং 1030.320 দেখুন।

2 সমন্বিতভাবে অথবা যুক্তরাষ্ট্রের আইনের অধীনে বাধ্যবাধকতা আরোপ করা অথবা প্রযোজ্য আইন বা প্রবিধানের অধীনে কোনো সুনির্দিষ্ট আবশ্যকতা উল্লেখ করা এই নথিটির পথনির্দেশনার উদ্দেশ্য নয়, কিংবা এটাকে সেই অনুসারে ভাবানুবাদও করা যাবে না।

## শিপিংয়ের প্রতারণামূলক চর্চা সমূহ

বিশ্ববাণিজ্যের আনুমানিক 90 শতাংশের সাথে সামুদ্রিক পরিবহন জড়িত। ক্ষতিসাধনকারী ব্যক্তিরা বিশ্বব্যাপী সরবরাহ ব্যবস্থাকে অনবরতভাবে নিজের কাজে লাগানোর জন্য অভিনব উপায় খোঁজে। নিম্নলিখিত তালিকা, যদিও সম্পূর্ণ নয়, ইরান, উত্তর কোরিয়া, ও সিরিয়ার সাথে জড়িত নিষেধাজ্ঞামূলক বা অবৈধ সামুদ্রিক বাণিজ্যের সুবিধা ব্যবস্থার দেয়ার কিছু কৌশলের সারসংক্ষেপ প্রদান করছে। আমরা সুপারিশ করছি যে যেসব ব্যক্তি সামুদ্রিক শিল্পখাতে পরিবহন অথবা বাণিজ্যে সম্পৃক্ত তারা অব্যাহতভাবে উল্লিখিত কৌশলগুলোর প্রতি সতর্ক থাকবেন যেন নিষেধাজ্ঞামূলক অথবা অবৈধ কর্মকান্ডে জড়িত হবার ঝুঁকি সীমিত করা যায়, এবং জাহাজে প্রেরিত মালামাল সংক্রান্ত বিষয়ে যে এলাকাগুলোকে তারা উচ্চ ঝুঁকিপূর্ণ হিসেবে বিবেচনা করে সতর্কমূলক ভাবে পূর্ববর্তী পদক্ষেপগুলো চর্চা করে।

1) **জাহাজের স্বয়ংক্রিয় চিহ্নিতকরণ পদ্ধতি (অটোমেটিক আইডেন্টিফিকেশন সিস্টেম, AIS) নিষ্ক্রিয়করণ অথবা নিপুণভাবে নিজের কাজে লাগানো**

AIS হ'ল একটি আন্তর্জাতিক বাধ্যতামূলককৃত পদ্ধতি যা উচ্চ ফ্রিকোয়েন্সি রেডিও তরঙ্গের মাধ্যমে একটি জাহাজের শনাক্তকরণ এবং নেভিগেশনাল পথের অবস্থান সংক্রান্ত ডেটা প্রেরণ করে। সামুদ্রিক জীবনের নিরাপত্তার (সেফটি অফ লাইফ অ্যাট সি, SOLAS) জন্য আন্তর্জাতিক সমঝোতা *বাধ্যতামূলক করে* যে কিছু ব্যতিক্রম ছাড়া আন্তর্জাতিক যাত্রাকারী সুনির্দিষ্ট শ্রেণির জাহাজগুলোকে সবসময় AIS চালু রাখতে হবে। যদিও নিরাপত্তার জন্য কোনো কোনো সময় বৈধ কারণে AIS ট্রান্সমিশন বা প্রচারণা নিষ্ক্রিয় করতে হতে পারে, এবং অন্য সময় দুর্বল ট্রান্সমিশন ঘটতে পারে, অবৈধ কর্মকান্ডে লিপ্ত জাহাজগুলো ইচ্ছাকৃতভাবে তাদের AIS ট্র্যান্সপণ্ডার নিষ্ক্রিয় করতে পারে অথবা তাদের গতিবিধি লুকানোর জন্য যে ড্যাটা প্ররণ করছে তা পরিবর্তন করতে পারে। AIS ড্যাটা নিপুণভাবে নিজের কাজে লাগানো, যেটাকে "স্পুফিং" বলা হয়, তা জাহাজটির একটি ভিন্ন নাম, ইন্টারন্যাশনাল ম্যারিটাইম অর্গানাইজেশন (আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থা, IMO) নম্বর (একটি অনন্য, সাত-রাশির জাহাজ শনাক্তকারী কোড), ম্যারিটাইম মোবাইল সার্ভিস আইডেন্টিটি (সামুদ্রিক মোবাইল পরিষেবা পরিচয়, MMSI), অথবা অন্যান্য পরিচয় শনাক্তকারী তথ্য প্রচারের সুযোগ করে দেয়। এই কৌশল জাহাজটির গন্তব্যের পরবর্তী বন্দরটি অথবা যাত্রা সংক্রান্ত অন্য তথ্যও লুকিয়ে রাখতে পারে।

2) **নিজ হাতে জাহাজ শনাক্তকারী তথ্য পরিবর্তন করা**

মোট 100 টন (GT) ও এরচেয়ে বেশি ওজনের যাত্রীবাহী জাহাজ এবং মোট 300 GT ও এরচেয়ে বেশি ওজনের মালবাহী জাহাজের কাঠামো অথবা উপরিকাঠামোর একটি দৃশ্যমান অবস্থানে বাধ্যতামূলকভাবে জাহাজের নাম এবং IMO নম্বর প্রদর্শন করতে হবে। জাহাজের মালিকানা অথবা নাম পরিবর্তিত হলেও জাহাজটির IMO নম্বরটি স্থায়ী হিসেবে দেয়া হয়েছে। অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত জাহাজ প্রায়শই জাহাজের নাম এবং IMO নম্বরের উপর রং করে তাদের পরিচয় গোপন করে এবং তাদেরকে ভিন্ন জাহাজ হিসেবে চালিয়ে নিয়ে যায়।

3) **মালামাল এবং জাহাজের নথি বা ডক্যুমেন্ট জালকরণ**

যেকোনো উদ্দিষ্ট জাহাজে প্রেরিত মালামালের সাথে সম্পর্কিত প্রতিষ্ঠানসমূহ, গ্রাহক, পণ্য, ও জাহাজ সম্পর্কে বুঝতে পারার জন্য, সম্পূর্ণ এবং শিপিংয়ের সঠিক প্রমাণমূলক নথি বা ডক্যুমেন্টেশন লেনদেনে অংশগ্রহণকারী সকলের জন্য অপরিহার্য। শিপিং লেনদেনের সাথে সাধারণত যেসব প্রমাণমূলক নথি বা ডক্যুমেন্টেশন থাকে, সেগুলোর কিছু উদাহরণ হচ্ছে মালপত্রের ধার্য মূল্যের লিখিত বিবরণ, উৎপাদনের সনদ (সার্টিফিকেট অফ অরিজিন), মূল্য সহ পণ্যের তালিকা, মোড়ক বা প্যাকেটের তালিকা, বিমার প্রমাণ, এবং শেষ বন্দরের ঘোষণার তালিকা। কর্তৃপক্ষ জানতে পেরেছে যে নিষেধাজ্ঞা বা স্যাংশন উপেক্ষাকারীরা পেট্রোকেমিক্যাল, পেট্রোলিয়াম, পেট্রোলিয়াম পণ্য, অথবা ধাতু (ইস্পাত, লোহা) অথবা বালুর উৎস লুকানোর জন্য শিপিংয়ের প্রমাণমূলক নথি বা ডক্যুমেন্টেশন জাল করে থাকে। বেশীরভাগ দেশে নির্দিষ্ট কিছু নথি জাল করা (এতে অন্তর্ভুক্ত কাস্টমস্ ও রপ্তানি নিয়ন্ত্রণ নথি বা এক্সপোর্ট কন্ট্রোল ডকুমেন্ট) অবৈধ, এবং সেগুলোতে অনিয়ম থাকলে মালপত্রের বৈধতা না পাওয়া পর্যন্ত সেগুলো আঁটকে রাখা হতে পারে। এছাড়াও, সামুদ্রিক শিল্পখাতের পরিবহন অথবা বাণিজ্যে সম্পৃক্ত ব্যক্তিবর্গকে পূর্ববর্তী পদক্ষেপগুলো অধ্যবসায়েরসাথে সম্পাদন করতে উৎসাহিত করা হচ্ছে, প্রয়োজন অনুযায়ী, সেসব নথি পরীক্ষণ করবে যেগুলো ইঙ্গিত বা ধারণা দেয় যে ঐ জাহাজ বাহিত মাল বা কার্গো নিষেধাজ্ঞা উপেক্ষা করার উচ্চ-ঝুঁকিযুক্ত, যদিও বর্তমানে নিম্ন-ঝুঁকিমূলক উৎস থেকে এসেছে বলে দাবি করছে।

4) **জাহাজ-থেকে-জাহাজে (শিপ-টু-শিপ, STS) স্থানান্তরসমূহ**

যদিও জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তর (সমুদ্রে দুইটি জাহাজের মধ্যে কার্গো স্থানান্তর) বৈধ উদ্দেশ্যে সম্পন্ন করা যেতে পারে, কিন্তু STS স্থানান্তরগুলো—বিশেষত রাতে অথবা নিষেধাজ্ঞা এড়িয়ে যাবার বা অবৈধ কর্মকাণ্ডের জন্য উচ্চ-ঝুঁকিপূর্ণ হিসেবে গণ্য এলাকাগুলোতে—গুপ্তভাবে স্থানান্তর করা পেট্রোলিয়াম, কয়লা, ও অন্যান্য উপাদানের উৎস বা গন্তব্য লুকাতে প্রায়শই নিষেধাজ্ঞা বা স্যাংশন এড়িয়ে যাবার জন্য ব্যবহৃত হয়।

5) **সমুদ্রযাত্রায় অনিয়ম সমূহ**

ক্ষতিসাধনকারী ব্যক্তিরা কার্গোর চূড়ান্ত গন্তব্য অথবা উৎস অথবা গ্রাহক সম্পর্কে মিথ্যা তথ্য দেয়ার চেষ্টা করতে পারে, পরোক্ষ রাউটিং, সময়সূচি করা হয়নি এমন কোনো ভিন্ন পথ, বা ট্রানজিট বা তৃতীয় কোনো দেশের মধ্য দিয়ে ট্রান্সশিপমেন্ট করার মাধ্যমে। যদিও বিশ্বব্যাপী পণ্য সরবরাহের জন্য ট্রানজিট এবং ট্রান্সশিপমেন্ট প্রতিনিয়তই ব্যবহৃত হয়, বেসরকারি শিল্পখাতের প্রতিষ্ঠানসমূহ, এতে অন্তর্ভুক্ত ফ্ল্যাগ রেজিস্ট্রি বা জাতীয়তা নিবন্ধনকারী ব্যবস্থাপনা কম্পানি, বন্দর পরিচালকগণ, শিপিং ইন্ডাস্ট্রি সংঘসমূহ, জাহাজের মালিকগণ, অপারেটরগণ, এবং চার্টারার বা ভাড়াকারীগণ, এবং নাবিক সরবরাহকারী কম্পানিদেরকে যথাযথভাবে ব্যবসার সাধারণ চর্চা থেকে সরে আসা যাত্রাপথ ও গন্তব্য পর্যবেক্ষণ করতে উৎসাহিত করা হচ্ছে।

6) **ভুয়া পতাকা সমূহ এবং ভিন্ন ভিন্ন পতাকার (ফ্ল্যাগ হপিং) ব্যবহার**

অবৈধ কাজে লিপ্ত ব্যক্তিরা অবৈধ বাণিজ্য লুকানোর জন্য তাদের জাহাজের পতাকা জাল করতে পারে। শনাক্তকরণ এড়িয়ে যাবার জন্য তারা হয়ত বারংবার বিভিন্ন দেশের পতাকায় রেজিস্টার ("ফ্ল্যাগ হপিং") করতে পারে। আমাদের পরামর্শ হচ্ছে যে জাহাজের মালিক বা ম্যানেজার রেজিস্ট্রিটি থেকে সরিয়ে নেয়ার পরেও (যেমন, "ডিরেজিস্টার") কোনো দেশের পতাকা অব্যাহতভাবে ব্যবহার করছে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া একটি দেশের পতাকা ব্যবহারের ঘটনা, অথবা স্বল্প সময়ের মধ্যে সন্দেহজনকভাবে একটি জাহাজ ঘন ঘন পতাকা পরিবর্তন করছে, যেটা ফ্ল্যাগ হপিংয়ের সাথে সামঞ্জস্যকৃত, সেধরনের ঘটনাগুলোর প্রতি বেসরকারি শিল্পখাত সচেতন থাকবে এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করবে। বেসরকারি খাতের বিভিন্ন অংশের জন্য সুনির্দিষ্ট পদক্ষেপসমূহ এই রিপোর্টের সাথে দেয়া সংযোজন A শিল্পখাতের জন্য পথনির্দেশনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

7) **জটিল মালিকানা অথবা ব্যবস্থাপনা**

বিশ্বব্যাপী শিপিং ভীষণ জটিল এবং উভয় সরকার ও বেসরকারি শিল্পখাতের প্রতিষ্ঠানগুলোর মধ্যে একাধিক সম্পৃক্ততা ঘটে। অবৈধ কাজে লিপ্ত ব্যক্তিরা জটিল ব্যবসায়িক কাঠামো ব্যবহার করে এই জটিলতার সুযোগ নেয়ার চেষ্টা করে, এতে অন্তর্ভুক্ত যেগুলো শেল বা শূন্য কম্পানী এবং/অথবা মালিকানা ও ব্যবস্থাপনার একাধিক স্তর ব্যবহার করছে সেগুলো, অন্যান্য কারণের মাঝে, একটি কারণ হচ্ছে নিষেধাজ্ঞা বা অন্যান্য আইন প্রয়োগমূলক অ্যাকশন এড়াতে কার্গো বা পণ্যসামগ্রী থেকে চূড়ান্তভাবে লাভকারী মালিকের পরিচয় লুকানো। এছাড়াও অবৈধ কাজে লিপ্ত ব্যক্তিরা কম্পানির মালিকানা বা ব্যবস্থাপক অথবা আন্তর্জাতিক নিরাপত্তা ব্যবস্থাপনা কোড (ইন্টারন্যাশনাল সেফটি ম্যানেজমেন্ট কোড, ISM)-এর ব্যবস্থাপনা কম্পানিগুলো পরিবর্তনের একটি প্যাটার্ন ব্যবহার করে। যদি বেসরকারি শিল্পখাতের প্রতিষ্ঠানগুলো একটি লেনেদেনে আগ্রহী আসল পক্ষদের শনাক্ত করতে অক্ষম হয়, তাহলে সেটা নিষেধাজ্ঞামূলক অথবা অবৈধ কিনা তা নিশ্চিত করার জন্য বাড়তি খোঁজখবর করার বিষয়টি বিবেচনা করতে পারে।

## নিষেধাজ্ঞা বা স্যাংশন এড়ানো কার্যকরভাবে শনাক্ত করার সাধারণ চর্চাসমূহ

শিল্পখাতে সক্রিয়রা তাদের ঝুঁকি নিরুপণের উপর ভিত্তি করে নিরীক্ষণের পূর্ববর্তী পদক্ষেপগুলো এবং প্রতিপালনমূলক প্রোগ্রাম বাস্তবায়ন করবেন, আমরা সুপারিশ করছি যে তারা অবৈধ অথবা নিষেধাজ্ঞামূলক আচরণ ইঙ্গিতকারী সতর্ক সংকেত (রেড ফ্ল্যাগ) এবং অন্য অনিয়মগুলো মোকাবেলা করতে ব্যবসার চর্চা অব্যাহতভাবে সামঞ্জস্য করবে। নিষেধাজ্ঞা বা স্যাংশন এড়িয়ে যাওয়া আরো কার্যকরভাবে শনাক্ত করায় সহায়তা করতে পারে, এমন কিছু নির্দিষ্ট চর্চার বিস্তারিত নিচে দেয়া হলো। কিন্তু, সমন্বিত অথবা যুক্তরাষ্ট্রের সুনির্দিষ্ট আইনের অধীনে বাধ্যবাধকতা আরোপ করা অথবা প্রযোজ্য আইন বা প্রবিধানের অধীনে কোনো সুনির্দিষ্ট আবশ্যকতা উল্লেখ করা এগুলোর উদ্দেশ্য নয়, কিংবা এটাকে সেই অনুসারে ভাবানুবাদও করা যাবে না।

1) **প্রাতিষ্ঠানীভূত নিষেধাজ্ঞা বা স্যাংশন প্রতিপালন কর্মসূচিসমূহ**

আমরা সুপারিশ করছি যে, যথাযথ অনুযায়ী, বেসরকারি খাতের প্রতিষ্ঠানসমূহ তাদের ঝুঁকি মূল্যায়ন করবে, নিষেধাজ্ঞা প্রতিপালন এবং নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপ কর্মসূচি বাস্তবায়ন করবে, এবং ঐ কর্মসূচিগুলো সবচেয়ে ভালভাবে সম্পাদন করতে পারে সেজন্যে কর্মিবৃন্দকে প্রশিক্ষণ ও রিসোর্স প্রদান করবে। প্রতিষ্ঠানসমূহ তাদের সম-ব্যবসারত, অংশীদার, অধিনস্থ প্রতিষ্ঠান, এবং সম্বন্ধযুক্তদের স্থানীয় প্রযোজ্য বাধ্যবাধকতার সাথে সামঞ্জস্য রেখে তাদের প্রতিপালনের প্রত্যাশা ধার্য করার ব্যাপারটি জানানো বিবেচনা করতে পারে।

যথাযথ অনুযায়ী, বেসরকারি খাতের প্রতিষ্ঠানসমূহকে তাদের লিখিত প্রমিত কার্য-পরিচালনামূলক প্রতিপালনের নীতি, প্রক্রিয়া, পরিচালনার মান, এবং রক্ষাকবচগুলো অব্যাহতভাবে প্রস্তুত, বাস্তবায়ন, এবং মেনে চলতে উৎসাহিত করা হচ্ছে। এই প্রতিপালন কর্মসূচিগুলো নিষেধাজ্ঞামূলক কার্যক্রমে লিপ্ত হলে তাৎক্ষণিকভাবে ব্যবসাচ্যুত বা চাকুরিচ্যুত করা হবে তা প্রতিষ্ঠা করতে পারে, অথবা কার্যক্রমের সাথে সম্পর্কিত সম্ভাব্য ঝুঁকি পর্যাপ্তভাবে প্রশমনকারী যথাযথ

নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত নিতে পারে। অতিরিক্তভাবে, প্রতিপালনের একটি উত্তম পন্থা হচ্ছে যে যেসব কর্মচারী অবৈধ আচরণ অবহিত করবে তাদেরকে প্রতিশোধের হাত থেকে রক্ষা করা হবে এবং সন্দেহজনক বা বাস্তব অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা থাকবে। যথা সম্ভব যথাযথ, বেসরকারি খাতের প্রতিষ্ঠানগুলো চাইলে তাদের নিষেধাজ্ঞা প্রতিপালন কর্মসূচি অব্যাহত উন্নতিসাধনের লক্ষ্যে নিয়মিতভাবে কোনো তৃতীয় পক্ষ দিয়ে নিরীক্ষা করতে পারে।

অতিরিক্তভাবে, নিষেধাজ্ঞা প্রতিপালন কর্মসূচি সম-ব্যবসারতদের সাথে যোগাযোগ অন্তর্ভুক্ত করতে পারে, এতে রয়েছে তবে এতেই সীমাবদ্ধ নয়, জাহাজের মালিক, ম্যানেজার, চার্টারার, এবং পরিচালক বা অপারেটরগণ, একটি প্রত্যাশা করা হয় যে তাদের অভ্যন্তরীণ ঝুঁকি মূল্যায়নে পর্যাপ্ত ও যথাযথ প্রতিপালন নীতি রয়েছে। এছাড়াও, এটা নিজেদের দ্বারা করার মাধ্যমে, এবং যখন যথাযথ হবে, বেসরকারি খাতের প্রতিষ্ঠানগুলোকে তাদের সম-ব্যবসারতদের সাথে যোগাযোগ বজায় রাখতে উৎসাহিত করা হচ্ছে, এমন একটি প্রত্যাশা যে তারা: 1) তাদের কর্মকাণ্ড এমনভাবে পরিচালনা করবেন যা যুক্তরাষ্ট্র এবং জাতিসংঘের (UN) নিষেধাজ্ঞা সাথে সামঞ্জস্যকৃত হবে, প্রযোজ্য অনুযায়ী; 2) তাদের কর্মিবৃন্দ, যেমন, সরাসরি চাকুরীপ্রাপ্ত, ঠিকাদার বা কন্ট্রাক্টর ও স্টাফ, তাদের নিজস্ব নিষেধাজ্ঞা সম্পর্কিত নীতি অনুযায়ী প্রতিপালন এবং সম্পাদন নিশ্চিত করতে পর্যাপ্ত রিসোর্স রয়েছে; 3) অধীনস্থ এবং সম্বন্ধযুক্তরা প্রাসঙ্গিক নীতি মেনে চলবে, যেভাবে প্রযোজ্য হয়; 4) AIS পর্যবেক্ষণ করার জন্য প্রাসঙ্গিক নিয়ন্ত্রণ আছে; 5) যেসব এলাকা তারা উচ্চ ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করেছে সেসব এলাকায় কার্গো উঠাতে কিংবা নামাতে পরীক্ষণ ও মূল্যায়ন করার নিয়ন্ত্রণ স্থাপিত আছে; 6) প্রয়োজন অনুযায়ী, পণ্য শিপিংয়ের সম্মতিপত্র বা বিলস্ অভ ল্যান্ডিং-এর সত্যতা যাচাই করার নিয়ন্ত্রণ আছে; এবং 7) এই উপদেশকের সাথে সামঞ্জস্যকৃত নিয়ন্ত্রণ বহাল আছে।

## 2) AIS-এর উত্তম পন্থাসমূহ এবং চুক্তিমূলক আবশ্যকতা সমূহ

AIS দ্বারা বাধা দেয়ার তৎপরতাগুলিতে কারণে সম্ভাব্য অবৈধ অথবা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড ইঙ্গিত করতে পারে। সামুদ্রিক শিল্পখাতের প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব ঝুঁকি মূল্যায়নের ভিত্তিতে, পূর্বে জাহাজটির AIS দক্ষতার সাথে নিজ স্বার্থে পরিবর্তনের ইতিহাস নিরীক্ষা এবং সমুদ্রযাত্রার সময় AIS দক্ষতার সাথে নিজস্বার্থে পরিবর্তন ও নিষ্ক্রিয় করা পর্যবেক্ষণ করা বিবেচনা করতে পারে। যথাযথভাবে, সামুদ্রিক শিল্পে অংশগ্রহণকারীগণ, ফ্ল্যাগ রেজিস্ট্রিগুলো, এবং অন্যান্য বেসরকারি খাতের প্রতিষ্ঠানগুলো, এতে অন্তর্ভুক্ত আছে বীমা ও আর্থিক প্রতিষ্ঠানগুলো যেগুলো জাহাজের মালিক, চার্টারার, ও ম্যানেজারদের সাথে কাজ করে, তাদের SOLAS-এর সাথে সামঞ্জস্য করে, লেনদেন শেষ হবার আগ পর্যন্ত পুরো সময় অব্যাহতভাবে AIS প্রচার করে যেতে উৎসাহিত করুন, বিশেষত সেসব এলাকায়, যেগুলো নিষেধাজ্ঞা এড়িয়ে যাবার জন্য উচ্চ ঝুঁকিপূর্ণ।

সংযোজন A-তে উল্লিখিত শিল্পগুলো সহ, বেসরকারি শিল্পকে, সমস্যাযুক্ত জাহাজের সাথে নতুন চুক্তি অথবা চলমান ব্যবসায় সম্পৃক্ত হবার আগে AIS ট্রান্সপন্ডার দক্ষতার সাথে পরিবর্তন করার লক্ষণ তদন্ত ও রিপোর্ট করতে উৎসাহিত করা হচ্ছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঝুঁকি-ভিত্তিক অগ্রসরতার সাথে এই কর্মকাণ্ড চালিয়ে যেতে পারে—যথাযথ অনুযায়ী—সম্পর্কিত নিয়ন্ত্রণ বাস্তবায়ন করে তাদের সামুদ্রিক শিল্পের মক্কেল, বিশেষত তারা, যারা নিষেধাজ্ঞা এড়ানোর জন্য উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকা বলে নির্ধারিত সেখানে পরিচালিত জাহাজের মালিক, পরিচালক, এবং/অথবা পরিষেবা প্রদান করে। অবৈধ কারণে AIS নিষ্ক্রিয় করলে বা পরিবর্তন করলে চুক্তি বাতিল অথবা তদন্ত করা হতে পারে, এবং যদি অবৈধ অথবা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড শনাক্ত করা হয় তাহলে পরিষেবা অথবা চুক্তিসমূহ বাতিল করা হবে এই মর্মে পরিষেবা প্রদানকারীরা চুক্তি সংশোধন করতে চাইতে পারেন। এছাড়াও, SOLAS অনুযায়ী যে মক্কেল জাহাজের AIS সম্প্রচার করছে না অথবা AIS ইতিহাস অবৈধ কারণে নিজস্বার্থে পরিবর্তন করার বা নিষ্ক্রিয় করা ইঙ্গিত করে, তাদের কার্গো স্থানান্তর নিষেধ করে সকল পক্ষ চুক্তির ভাষা সংযোজন করা বিবেচনা করতে পারে।

এছাড়াও, পোর্ট স্টেট কন্ট্রোল (বন্দর রাজ্য নিয়ন্ত্রণ) এবং ভেসেল ট্রাফিক সার্ভিস (জাহাজ চলাচল পরিষেবা) কর্তৃপক্ষকে তাদের আইনী আওতায় ট্যাঙ্কার এবং ব্যাপক পরিমাণের কন্টেইনার জাহাজগুলো প্রবেশ ও ত্যাগ AIS সম্প্রচার বজায়

রাখার আবশ্যকতায় জোর দিতে উৎসাহিত করা হচ্ছে। যদি কোনো জাহাজের AIS ইতিহাস SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃত না হয়, তাহলে বন্দর কর্তৃপক্ষ অন্তর্নিহিত কর্মকাণ্ড তদন্ত করে সেটা নিষেধাজ্ঞামূলক অথবা অবৈধ নয় তা নিশ্চিত করা বিবেচনা করতে পারেন। যদি অবৈধ হিসেবে নির্ধারিত হয়, বন্দর কর্তৃপক্ষ জাহাজটিকে তাদের বন্দরে প্রবেশে নিষেধ করতে পারে অথবা যথাযথ পদক্ষেপ গ্রহণ বিবেচনা করতে পারে।

3) **লেনদেনের শুরু থেকে শেষ পর্যন্ত জাহাজটিকে পর্যবেক্ষণ করুন**

যথাযথভাবে, তাদের ঝুঁকি মূল্যায়নের সাথে সামঞ্জস্য রেখে, জাহাজের মালিক, ম্যানেজার, এবং চার্টার কম্পানিগুলোকে জাহাজ অব্যাহতভাবে পর্যবেক্ষণ করতে উৎসাহিত করা হচ্ছে, এতে তৃতীয় পক্ষকে ভাড়া দেয়া জাহাজগুলো অন্তর্ভুক্ত। এতে অন্তর্ভুক্ত হতে পারে দীর্ঘ পরিসীমার শনাক্তকারী AIS এবং ট্র্যাকিং (LRIT) সম্পূরণ করতে পারে এবং সময় সময় LRIT সংকেত গ্রহণ করতে পারে, যেটা প্রতিষ্ঠানের ঝুঁকি মূল্যায়ন দ্বারা ধার্যকৃত। নিষেধাজ্ঞা এড়িয়ে যেতে পারে এমন উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকার বন্দর কর্তৃপক্ষ ঝুঁকি নিরসনের কৌশল হিসেবে তাদের এক্তিয়ারের অভ্যন্তরে LRIT ব্যবহারকারী জাহাজগুলোকে পর্যবেক্ষণ করা বিবেচনা করতে পারে। জাহাজের মালিক এবং ম্যানেজারেরা যেসব জাহাজ পরিচালকরা উচ্চ ঝুঁকিপূর্ণ বলে নির্ধারিত এলাকাগুলোতে সাধারণ প্রতারণামূলক চর্চাগুলো সম্পর্কে সচেতনতা গড়ে তোলার বিবেচনা করতে পারে। এরকম কোনো স্থানান্তরের আগে, জাহাজ পরিচালনাকারীরা অন্য জাহাজটির নাম, IMO নম্বর, এবং পতাকা (ফ্ল্যাগ) যাচাই এবং এটা বর্তমানে AIS সম্প্রচার করছে কিনা তা নিশ্চিত হয়ে নিতে পারে। শনাক্তকৃত সতর্ক সংকেত বা রেড ফ্ল্যাগ-এর অংশ হিসেবে, শিল্পখাতে ব্যবসারতরা যেসব জাহাজ একই লাভবান স্বত্বভোগী মালিকের নিয়ন্ত্রণাধীন ভিন্ন কম্পানির মধ্যে বদলি করা হয় এবং যেখানে এই স্থানান্তরের জন্য স্পষ্টভাবে প্রতীয়মান বৈধ কোনো উদ্দেশ্য নেই।

4) **আপনার ক্রেতা বা কাস্টমার এবং বিপরীতপক্ষ সম্পর্কে জানুন**

ফ্ল্যাগ রেজিস্ট্রি কর্তৃপক্ষ, বীমা প্রদানকারী, আর্থিক প্রতিষ্ঠান, ম্যানেজার, এবং চার্টারারদের যথাযথভাবে, ঝুঁকি-ভিত্তিক নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপ সম্পন্ন অব্যাহত রাখা উচিত। এই নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে অন্তর্ভুক্ত হতে পারে নাম, পাসপোর্ট ID নম্বর, ঠিকানা(সমূহ), ফোন নম্বর(সমূহ), ইমেইল ঠিকানা(সমূহ), এবং প্রতিটি কাস্টমারের স্বত্বভোগী মালিক(গণের) ছবি আইডেন্টিফিকেশনের কপিসমূহ। উদাহরণস্বরূপ, যদি একটি বৈধ প্রতিষ্ঠান একটি জাহাজ ফ্ল্যাগ (পতাকা) সহ রেজিস্টার করতে চাচ্ছে অথবা একটি জাহাজের জন্য বিমা বা অর্থায়ন চাইছে, প্রত্যেক পক্ষের কাছ থেকে জাহাজের চূড়ান্ত স্বত্বভোগী মালিক(দের) নথিপত্র চাইতে পারে, এবং যথাযথ ও ঝুঁকি-ভিত্তিতে, নথিপত্রগুলোকে উপরোক্ত নথির সাথে যাচাই করে দেখতে পারে।

5) **অধ্যবসায়ের সাথে সরবরাহ চেইনের অনুশীলন করা**

যথাযথ হলে, রপ্তানিকারক এবং সামুদ্রিক সরবরাহ ব্যবস্থার সাথে জড়িত প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপ সম্পাদন করতে উৎসাহিত করা হচ্ছে যা নিশ্চিত করবে যে লেনদেনের উভয়পক্ষ পণ্য প্রদানকারী বা গ্রহণকারী এমন কিছু পাঠাচ্ছে না যা নিষেধাজ্ঞা বয়ে আনবে, যেমন ইরানের পেট্রোলিয়াম অথবা উত্তর কোরিয়া থেকে উৎপন্ন কয়লা। এছাড়াও তারা উৎস-যাচাই এবং যেসব জাহাজ STS স্থানান্তর করে সেগুলোর রেসিপিয়েন্ট চেক বা প্রাপক পরীক্ষণ নিয়ন্ত্রণ বাস্তবায়ন বিবেচনা করতে পারেন, বিশেষত উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে। প্রয়োজন অনুযায়ী, তারা রপ্তানির লাইসেন্স (যেখানে প্রযোজ্য) এবং সম্পূর্ণ, সঠিক শিপিং নথিপত্রের অনুলিপির পাশাপাশি উৎস ও কার্গোর গন্তব্য শনাক্তকারী বিলস্ অভ ল্যান্ডিং-এর অনুলিপি অনুরোধ করা বিবেচনা করতে পারেন।

যথাযথভাবে, বেসরকারি খাতের সামুদ্রিক প্রতিষ্ঠানগুলোকে সমুদ্রযাত্রার অন্তর্নিহিত বিবরণসমূহের পাশাপাশি জাহাজ, কার্গো, উৎস, গন্তব্য, এবং লেনদেনের পক্ষসমূহ পর্যালোচনা করতে উৎসাহিত করা হচ্ছে। সুনির্দিষ্টভাবে, এবং তাদের অভ্যন্তরীণ ঝুঁকি মূল্যায়নের সাথে সামঞ্জস্যকৃত, সকল পক্ষকে সম্পর্কিত নথিপত্র পর্যালোচনা করতে উৎসাহিত করা

হচ্ছে যেন নথিপত্রে উল্লিখিত বন্দরে উদ্দিষ্ট পণ্য প্রদান করা হয়েছে এবং তা অবৈধ বা নিষেধাজ্ঞা-এড়ানোর ফন্দি হিসেবে সরানো হয়নি।

6) **চুক্তি সম্বন্ধেয় ভাষা**

শিল্পখাতের সদস্যদের বাণিজ্যিক লেনদেন, আর্থিক, এবং সামুদ্রিক শিল্পের অন্যান্য ব্যবসায়ীক সম্পর্কগুলোর সাথে সংশ্লিষ্ট চুক্তিগুলোতে এই উত্তম পন্থাগুলো একত্রিভূত করতে উৎসাহিত করা হচ্ছে।

7) **শিল্প সংক্রান্ত তথ্য আদান-প্রদান**

সফল নিষেধাজ্ঞা প্রতিপালন কর্মসূচি প্রায়শই চ্যালেঞ্জ, হুমকি, এবং ঝুঁকি নিরসন পরিমাপ পুরো শিল্পব্যাপী সচেতনতা লালনের উপর নির্ভর করে। পররাষ্ট্র দপ্তর বা ডিপার্টমেন্ট অফ স্টেট, OFAC, এবং যুক্তরাষ্ট্রে কোস্ট গার্ড সুপারিশ করছে যে শিল্পখাতের গোষ্ঠীগুলোকে তাদের সদস্যদের সংশ্লিষ্ট তথ্য প্রদান এবং প্রযোজ্য আইন ও প্রবিধানের সাথে সামঞ্জস্য রেখে তাদের অংশীদার, অন্য সদস্যগণ, এবং সহযোগীদের সাথে শেয়ার করতে উৎসাহিত করছে। উদাহরণস্বরূপ, যখন একটি সুরক্ষা এবং ক্ষতিপূরণ (প্রোটেকশন অ্যান্ড ইনডেমেনিটি, P&I) ক্লাব বিমা কম্পানি কোনো অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড সম্পর্কে অথবা নিষেধাজ্ঞা এড়ানোর নতুন কৌশল সম্পর্কে অবহিত হয়, তাহলে যথাযথভাবে, সেটা অন্যান্য P&I ক্লাবগুলোকে অবহিত করার কথা বিবেচনা করতে পারে, এবং যেখানে প্রযোজ্য তৃতীয় পক্ষের সাথে শেয়ার করার সময় যে ব্যক্তিগত শনাক্তকৃত তথ্যগুলি দেয়া যাবে না সেগুলোকে মুছে ফেলবে। একইভাবে, জাহাজের মালিক এবং ক্লাবগুলোকে যেখানে আবশ্যক সম্ভাব্যরূপে যোগ্য কর্তৃপক্ষের সাথে কাজ করে, আর্থিক শিল্পখাতের সাথে তথ্য শেয়ার করতে উৎসাহিত করা হচ্ছে, এবং ফ্ল্যাগ কর্তৃপক্ষদের IMO এবং রেজিস্ট্রি তথ্য আদান-প্রদান বা শেয়ার করার চুক্তির সকল পক্ষকে নিয়মিতভাবে তথ্য দেয়া উচিত।

## বাড়তি সংস্থান বা রিসোর্স সমূহ

অতিরিক্ত সংস্থান বা রিসোর্সের জন্য, এই বিষয়গুলোর উপর OFAC এবং জাতিসংঘের দেয়া পূর্ববর্তী পথনির্দেশনাগুলো পর্যালোচনা করতে উৎসাহিত করা হচ্ছে।[3] যুক্তরাষ্ট্র সকল আগ্রহী পক্ষকে OFAC হালনাগাদকৃত নিষেধাজ্ঞাগুলো পেতে উল্লিখিত সাইটে রেজিস্টার করতে উৎসাহিত করা হচ্ছে https://public.govdelivery.com/accounts/USTREAS/subscriber/new?topic_id=USTREAS_61. এছাড়াও তারা ডিপার্টমেন্ট অফ স্টেট-এর (পররাষ্ট্র দপ্তরের) কাউন্টার থ্রেট ফাইনান্স অ্যান্ড স্যাংশন ডিভিশনের (আর্থিক হুমকি প্রতিরোধ এবং নিষেধাজ্ঞা বিভাগ) নিয়মিত সর্বশেষ তথ্য পেতে https://www.state.gov/subscribe-to-sanctions-alerts/ সাইটে রেজিস্টার করতে পারে অথবা অফিসের সাথে যোগাযোগ করতে পারে sanctions@state.gov ইমেইল ঠিকানায়।[4]

OFAC নিষেধাজ্ঞা বিষয়ক প্রবিধান এবং শর্তাবলীসমূহ সহ যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে বাড়তি প্রশ্নাবলী অথবা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে OFAC-এর প্রতিপালন বা কমপ্লায়েন্স হটলাইনে 1-800-540-6322 নম্বরে অথবা OFAC_Feedback@treasury.gov ইমেইলের মাধ্যমে যোগাযোগ করুন। ব্যবসারতরা কোনো সুনির্দিষ্ট OFAC লাইসেন্সের জন্য অনুরোধ জমা দিতে পারবে সেটার https://licensing.ofac.treas.gov/Apply/Introduction.aspx সাইটে।

উত্তর কোরিয়ার উপর জাতিসংঘ নিরাপত্তা পরিষদের দেয়া নিষেধাজ্ঞা বলবৎ করার আন্তর্জাতিক প্রয়াশে সহযোগিতা করতে, যেসব ব্যক্তি উত্তর কোরিয়ার সমর্থনে এবং অবৈধ শিপিং কর্মকাণ্ড, কালো টাকা সাদা করা, সাইবার অপরাধ, এবং WMD

---

[3] সামুদ্রিক শিল্পখাতের জন্য UNSC নিষেধাজ্ঞা প্রতিপালন, জানুয়ারি 2015 <https://undocs.org/S/2015/28>।

বিস্তার সহ নিষেধাজ্ঞা এড়ানোর কোনো সুনির্দিষ্ট কর্মকাণ্ডে লিপ্ত হয়, এমন কোনো তথ্য যদি প্রদান করা হয় যার ফলে সেসব ব্যক্তির আর্থিক ক্রিয়াকলাপে ব্যাঘাত ঘটবে, সেজন্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ন্যায়বিচারের জন্য পুরষ্কার (রিওয়ার্ডস্ ফর জাস্টিস, RFJ) কর্মসূচি 5 মিলিয়ন ডলার পর্যন্ত পুরষ্কার ঘোষণা করেছে। আরও তথ্যের জন্য, অথবা কোনো মতামত জমা দিতে, https://rewardsforjustice.net/english/about-rfj/north_korea.html ভিজিট করুন।

এছাড়াও, IRGC-কুদস্ ফোর্স বা কুর্দি বাহিনী (IRGC-QF) সহ, ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস্ (IRGC) এবং এটার শাখাসমূহের আর্থিক ক্রিয়াকলাপে বিঘ্ন সৃষ্টি করা যায় এমন তথ্যের জন্য RFJ কর্মসূচি 15 মিলিয়ন ডলার পর্যন্ত ঘোষণা করেছে। IRGC, যেটাকে যুক্তরাষ্ট্রের সরকার 2019-এর এপ্রিলে একটি বিশেষভাবে বিশ্বব্যাপী সন্ত্রাসী এবং একটি বিদেশী সন্ত্রাসবাদ সংগঠন হিসেবে আখ্যায়িত করেছে, সেটা বিশ্বব্যাপী অসংখ্য সন্ত্রাসী আক্রমণ এবং কর্মকাণ্ড অর্থায়ন করেছে। IRGC-QF ইরানের বাহিরে বিভিন্ন মিলিশিয়া দলের মাধ্যমে সন্ত্রাসী কর্মকাণ্ডে সহায়তা করে, যেমন হিজবুল্লাহ এবং হামাস। আরও তথ্যের জন্য, অথবা কোনো মতামত জমা দিতে, https://rewardsforjustice.net/english/irgc.html ভিজিট করুন।

4 মেরিটাইম সেক্টরের জন্য ইউ.এন.এস.সি অনুমোদিত অনুমোদনগুলি, জানুয়ারী 2015 <https://undocs.org/S/2015/28>.

5 বিভাগের ওয়েবসাইটটি এখানে অবস্থিত: <https://www.state.gov/economic-sanctions-policy-and-implementation/>.

IMO নম্বর যাচাই করার জন্য, আপনি IMO নম্বরটি IMO-এর ড্যাটাবেস্ খুঁজতে পারেন https://gisis.imo.org/Public/SHIPS/Default.aspx -সাইটে। জাহাজের রেজিস্ট্রেশন অপসারণ অথবা অন্য কোনো পদক্ষেপ রিপোর্ট করতে, অনুগ্রহ করে IMO-এর সাথে সরাসরি যোগাযোগ করুন (অথবা IMO-এর বিবেচনা অনুযায়ী IMO ড্যাটাবেস হালনাগাদ করতে বেসরকারি সংস্থাকে IMO মনোনয়ন দেয়)।

**ডিপার্টমেন্ট অভ দ্যা ট্রেজারি** **ডিপার্টমেন্ট অভ স্টেট** **ইউনাইটেড স্টেটস্ কোস্ট গার্ড**

### সংযোজন A: সামুদ্রিক শিল্পখাতে নিষেধাজ্ঞা প্রতিপালনের প্রচেষ্টার সহায়তায় বাড়তি নির্দেশনা এবং তথ্য সমূহ

যুক্তরাষ্ট্রের আইনী এক্তিয়ারের আওতাভুক্ত কোনো ব্যক্তির পাশাপাশি কোনো বিদেশী ব্যক্তি যুক্তরাষ্ট্র ও যুক্তরাষ্ট্রের কোনো ব্যক্তির সাথে লেনদেন করার সময়, নিষেধাজ্ঞা প্রতিপালনের জন্য ঝুঁকি-ভিত্তিক পদক্ষেপ গ্রহণের জন্য যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর, যুক্তরাষ্ট্রের ট্রেজারি অফিস অফ ফরেন অ্যাসেট কন্ট্রোল (OFAC), এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড জোর উৎসাহ প্রদান করছে। এভাবে অগ্রসর হওয়ায় উদ্দিষ্ট ব্যক্তির নির্দিষ্ট ব্যাবসার মডেলের জন্য একটি নিষেধাজ্ঞা প্রতিপালন কর্মসূচি প্রস্তুত, বাস্তবায়ন, এবং নিয়মিতভাবে হালনাগাদকরণ অন্তর্ভুক্ত হতে পারে। যদিও প্রতিটি ঝুঁকি ভিত্তিক নিষেধাজ্ঞা প্রতিপালন কর্মসূচি বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে—এতে অন্তর্ভুক্ত থাকে কম্পানির আয়তন ও জটিলতা, পণ্য ও পরিষেবা, কাস্টমার ও লেনদেনের অপরপক্ষ, এবং ভৌগলিক অবস্থানসমূহ—বাস্তবিত প্রতিটি কর্মসূচি বিধেয় অনুযায়ী করা উচিত এবং প্রতিপালনের অন্তত পাঁচটি অপরিহার্য অংশ অন্তর্ভুক্ত করা উচিত: (1) ব্যবস্থাপকদের অঙ্গীকার; (2) ঝুঁকি নিরুপণ; (3) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণসমূহ; (4) পরীক্ষণ এবং নিরীক্ষণ; এবং (5) প্রশিক্ষণ। আরো তথ্যের জন্য *A Framework for OFAC Compliance Commitments* (OFAC প্রতিপালনের প্রতিশ্রুতিসমূহের একটি কাঠামো) দেখুন।

সামুদ্রিক শিল্পখাতে জড়িত সংগঠনসমূহ যারা এই পাঁচটি অংশের সাথে সামঞ্জস্যকৃত, একটি কার্যকারী নিষেধাজ্ঞা প্রতিপালন কর্মসূচি প্রস্তুত এবং বাস্তবায়ন করে নিচে উল্লিখিত বাড়তি নির্দেশনা এবং তথ্যগুলি তাদের জন্য। বিশেষভাবে, এই সংযোজন উল্লিখিতের জন্য এই নির্দেশনা এবং তথ্য প্রদান করে:

- সামুদ্রিক বিমা কোম্পানিসমূহ – পৃষ্ঠা 9;
- ফ্ল্যাগ রেজিস্ট্রি ম্যানেজারগণ – পৃষ্ঠা 11;
- বন্দর রাজ্যের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষরা – পৃষ্ঠা 13;
- শিপিং শিল্প সংঘসমূহ – পৃষ্ঠা 14;
- আঞ্চলিক এবং বিশ্বব্যাপী পণ্য বাণিজ্য, সরবরাহকারী, এবং ব্রোকারিং বা দালালী কোম্পানীসমূহ – পৃষ্ঠা 15;
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ – পৃষ্ঠা 17;
- জাহাজের মালিক, পরিচালক, এবং চার্টারার – পৃষ্ঠা 18;
- শ্রেণীবিভাগ সমিতিসমূহ – পৃষ্ঠা 20;
- জাহাজের ক্যাপটেনগণ – পৃষ্ঠা 22; এবং
- নাবিক সরবরাহকারী কম্পানিসমূহ – পৃষ্ঠা 23 ।

প্রতিটি সংগঠনের সেটার নিজস্ব ঝুঁকি মূল্যায়ন করা উচিত এবং যেটা প্রযোজ্য মনে হবে সেই অনুযায়ী এই নির্দেশনার অংশগুলো গ্রহণ করবে।[5]

[6] সমন্বিত অথবা যুক্তরাষ্ট্রের আইনের অধীনে বাধ্যবাধকতা আরোপ করা অথবা প্রযোজ্য আইনের অধীনে কোনো সুনির্দিষ্ট আবশ্যকতা উল্লেখ করা পথনির্দেশনার উদ্দেশ্য নয়, কিংবা এটাকে সেই অনুসারে ভাবানুবাদও করা যাবে না। এটার মূল উদ্দেশ্য হচ্ছে সামুদ্রিক শিল্পে ব্যবসারত কম্পানিগুলোকে তথ্য প্রদান করা যা ঝুঁকি-ভিত্তিক প্রতিপালন কর্মসূচির অংশ হিসেবে তাদের নিষেধাজ্ঞায় উন্মোচিত হবার সম্ভাবনা মূল্যায়ন করা বিবেচনা করতে পারে।

## সামুদ্রিক বিমা কম্পানিগুলোর জন্য নির্দেশনা

একটি সামুদ্রিক বিমা কম্পানি নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন এবং প্রশমন করতে যথাযথ অনুযায়ী নিম্নলিখিত প্রতিপালনের চর্চাগুলো বাস্তবায়ন করা বিবেচনা করতে পারে।

- অটোমেটিক আইডেন্টিফিকেশন সিস্টেম (AIS) সম্প্রচার পর্যবেক্ষণ এবং বিমাকৃত জাহাজের সাথে উল্লিখিত ঘটনাগুলো তদন্ত করা: যেকোনো উল্লেখযোগ্য পরিমাণ সময় সম্প্রচার বন্ধ যা সামুদ্রিক জীবনের নিরাপত্তার (সেফটি অভ লাইফ অ্যাট সি, SOLAS) আন্তর্জাতিক চুক্তি সাথে সামঞ্জস্যকৃত নয়; সমুদ্রযাত্রার পথ থেকে সন্দেহজনক বিচ্যুতি (যেমন, সমুদ্রযাত্রা থেকে বিচ্যুতির জন্য আপাত দৃষ্টিতে কোনো বৈধ কারণ নেই, যেমন অনিরাপদ বন্দর, চরম আবহাওয়া, বা জরুরি অবস্থা); SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃতভাবে AIS বন্ধ করে দেয়ার প্যাটার্ন; এবং SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃতভাবে AIS সম্প্রচার করছে না এমন জাহাজের সাথে বাণিজ্যে সম্পৃক্ত হওয়া।

- এতে অন্তর্ভুক্ত পূর্ব-কভারেজ বা অন্তর্ভুক্তি এবং দাবি উপস্থাপন, যেসব জাহাজ নিষেধাজ্ঞা এড়িয়ে যাবার জন্য উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় পরিচালিত হয় এবং সম্ভাব্য অবৈধ কর্মকাণ্ডে সম্পৃক্ত হবার সন্দেহভাজন সেগুলোর AIS হিস্টরি বা ইতিহাস মূল্যায়ন করার জন্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের প্রক্রিয়া, উভয়ই সম্ভাব্য অবৈধ কর্মকাণ্ডে সম্পৃক্ততার ইঙ্গিত হতে পারে এবং জাহাজের যাত্রাপথ, চার্টার, মালিকানা, এবং অন্য বিষয়গুলো আরো তদন্ত করা প্রয়োজন হতে পারে।

- জাহাজের মালিক, সরবরাহকারী, ক্রেতা, চার্টারার, এবং জাহাজের ম্যানেজার যাদের বিমা প্রদানকারীগণ বিমা প্রদান করছে তারা ঐসব পক্ষের মালিকানাধীন বা নিয়ন্ত্রিত সকল জাহাজের AIS ইতিহাস বা ইতিহাস নিরীক্ষণ করে দেখতে পারেন। বীমা প্রদানকারীগণ মক্কেলদের আরো অবহিত করতে পারেন যে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS ট্রান্সপন্ডার পরিবর্তনের যেকোনো লক্ষণ ইঙ্গিতকারী সতর্ক সংকেত বা রেড ফ্ল্যাগ হিসেবে গণ্য হবে এবং এমন কোনো জাহাজের (এতে অন্তর্ভুক্ত, জাহাজের কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট আর্থিক লেনদেনে সম্পৃক্ত হওয়া) সাথে চুক্তিবদ্ধ হবার আগে, অব্যাহতভাবে পরিষেবা প্রদান করলে, অথবা অন্যান্য কর্মকাণ্ডের সম্পৃক্ত হলে পূর্বে তদন্ত করা হবে।

- SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয়করণ অথবা পরিবর্তন জাহাজের কর্মকাণ্ড বিমা প্রদানকারী দ্বারা তদন্তের সম্ভাব্য কারণ এবং বিমা বাতিল হবার কারণ হতে পারে তা চুক্তির শর্তাবলীতে অন্তর্ভুক্ত করা এবং সুনির্দিষ্টভাবে মক্কেলকে অবহিত করা।

- যেসব জাহাজ SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃত AIS সম্প্রচার করে না অথবা SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS ট্রান্সপন্ডার পরিবর্তন করার ইতিহাস আছে, সেসব জাহাজের সাথে কার্গো আদান-প্রদান নিষিদ্ধ করে চুক্তিতে শর্ত অন্তর্ভুক্ত করা।

- অবৈধ কর্মকাণ্ডের কারণে কোনো জাহাজকে যদি বিমা প্রদানে অস্বীকৃতি দেয়া হয় অথবা বিমা বাতিল করা হয়, সেক্ষেত্রে বৈধ নিয়ন্ত্রক বা রেগুলেটর/সক্ষম কর্তৃপক্ষ, অন্যান্য বিমা প্রদানকারী, বাণিজ্যিক ড্যাটাবেস, ইন্টারন্যাশনাল ম্যারিটাইম অর্গানাইজেশন (IMO), এবং যখন প্রাসঙ্গিক, জাতিসংঘের (UN) নিরাপত্তা পরিষদের 1718 কমিটি প্যানেল অভ এক্সপার্ট (দ্যা UN DPRK প্যানেল অভ এক্সপার্টস্)-কে অবহিত করা।

- রেজিস্টারকৃতদের অবহিত করা (এতে অন্তর্ভুক্ত জাহাজের মালিকগণ) যে U.S. অথবা UN-এর নিষেধাজ্ঞা বা স্যাংশনের সাথে অসামঞ্জস্যকৃত কর্মকাণ্ডের কারণে হয়ত তাৎক্ষণিকভাবে ব্যবসা বাতিল করা হতে পারে এবং অন্তর্নিহিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপ এবং রেজিস্ট্রেশন নথিপত্রে উল্লিখিত মালিকানার কাঠামোর তথ্য হয়ত

প্রাসঙ্গিক যুক্তরাষ্ট্র সরকার এবং/অথবা বীমা প্রদানকারীর ইচ্ছা অনুযায়ী জাতিসংঘের কোনো দপ্তরকে অবহিত করা হতে পারে।

-  যেসব জাহাজ নিষেধাজ্ঞা এড়ানো বা লঙ্ঘন করার জন্য উচ্চ ঝুঁকি সম্পন্ন এলাকার কাছাকাছি ব্যবসারত জাহাজগুলোর জন্য, যথাযথ অনুযায়ী এবং প্রযোজ্য আইন ও প্রবিধান অনুসারে, নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের নথিতে (যেমন, ফ্ল্যাগ রেজিস্ট্রির জন্য রেজিস্ট্রেশন নথি বা ডকুমেন্ট) অন্তর্ভুক্ত সকল ব্যক্তিক বা ইন্ডিভিজ্যুয়াল মালিকের পাসপোর্টের রঙ্গিন ফটোকপি, নাম, ব্যবসা ও আবাসিক ঠিকানা, ফোন নম্বর, ইমেইল, এবং ব্যক্তিক জাহাজের মালিকের বহরের সবগুলো জাহাজের নাম ও IMO নম্বর নিশ্চিত করা। যদি জাহাজ অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত হয় তাহলে, যেখানে প্রয়োজন, ব্যক্তিগতভাবে শনাক্তকৃত তথ্য (পার্সনালি আইডেন্টিফায়েবল ইনফর্মেশন, PII) সংগ্রহ করুন যেন বিমা ও পুনঃবিমা প্রদানকারীরা PII যথার্থ কর্তৃপক্ষের সাথে প্রযোজ্য আইন ও প্রবিধান অনুযায়ী শেয়ার করতে পারে।

-  যেহেতু শিপিং ব্যবসার আয়োজন ভিন্ন ভিন্ন আইনের আওতাধীন পক্ষকে সম্পৃক্ত করতে পারে, সেহেতু আন্তর্জাতিক অংশীদারদের সাথে সুস্পষ্ট যোগাযোগ নিশ্চিত করা। U.S. এবং UN-এর নিষেধাজ্ঞা শাসনব্যবস্থার অধীনে সম্পর্কিত বিধি-নিষেধ এবং অনুবর্তী হবার জন্য আবশ্যক পদক্ষেপসমূহ সুস্পষ্টভাবে ব্যাখ্যা করা এবং শিপিং শিল্পখাতের সকল পক্ষকে এই উপদেশক তাদের সরবরাহ ব্যবস্থার সকলের সাথে শেয়ার করতে উৎসাহ প্রদান করা।

-  যেমন জাহাজের পূর্ববর্তী অবস্থানের ইতিহাস, জাহাজের রেজিস্ট্রি তথ্য, এবং জাহাজের ফ্ল্যাগিং তথ্যের পাশাপাশি যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অভ ট্রেজারি, জাতিসংঘ, এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড থেকে পাওয়া তথ্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে উপাত্ত বা ড্যাটা অন্তর্ভুক্তি করা।

## ফ্ল্যাগ রেজিস্ট্রি বা জাতীয়তা নিবন্ধনের ম্যানেজারদের জন্য নির্দেশনা

একজন ফ্ল্যাগ রেজিস্ট্রি বা জাতীয়তা নিবন্ধনের ম্যানেজার নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে উল্লিখিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের চর্চাগুলো যতটুকু যথাযথ ও সহায়ক মনে করেন সেই অনুযায়ী বাস্তবায়ন করা বিবেচনা করতে পারেন।

- প্রতিটি জাহাজের নিবন্ধনের আবেদন গ্রহণের পর IMO-এর বিশ্বব্যাপী সমন্বিত শিপিং তথ্যের পদ্ধতি (গ্লোবাল ইন্টিগ্রেটেড শিপিং ইনফর্মেশন সিস্টেম, GISIS) ব্যবহার করে জাহাজ এবং কম্পানির সুনির্দিষ্ট মডিউলের IMO নম্বর যাচাই করা। যদি IMO এবং জাহাজের নাম সুস্পষ্টভাবে না মিলে, তাহলে জাহাজ নিবন্ধন করার পূর্বে অতিরিক্ত তদন্ত সম্পন্ন করা যেতে পারে, এবং ম্যানেজারের পূর্ববর্তী জাতীয়তার রাষ্ট্র বা ফ্ল্যাগ স্টেটের সাথে যোগাযোগ করে আবেদন নিশ্চিত হওয়া এবং পূর্ববর্তী নিবন্ধন থেকে অব্যাহতির উদ্দেশ্য সম্পর্কে জানা উচিত।

- গ্রহণকারী ফ্ল্যাগ স্টেটের কর্তৃপক্ষকে রেকর্ডের চলমান সংক্ষিপ্তসারের (কন্টিনিউয়াস সিনপসিস রেকর্ড) একটি কপি প্রেরণ করবেন, যা SOLAS প্রবিধান X1-1/5-এর সাথে সামঞ্জস্যকৃত, তাদের আইনের আওতাধীন সময়টুকু অন্তর্ভুক্ত করার পাশাপাশি অন্য কোনো দেশ থেকে এর আগে যদি জাহাজের জন্য কোনো কন্টিনিউয়াস সিনপসিস রেকর্ড জারি হয়ে থাকে।

- নিবন্ধন সম্পন্ন করার পূর্বে বর্তমান ফ্ল্যাগ স্টেটের সাথে পূর্ববর্তী কন্টিনিউয়াস সিনপসিস রেকর্ড পর্যালোচনা করা।

- যেসব জাহাজ তেল, পরিশোধিত পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, ইস্পাত, অ্যালুমিনাম, কপার, অন্যান্য ধাতু, বালু, এবং কয়লা পরিবহন করে সেগুলোর AIS ইতিহাস নিরীক্ষা করে দেখা, যে সেসব জাহাজ SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তন করার প্যাটার্ন আছে কিনা, যা অবৈধ কর্মকাণ্ডে সম্পৃক্ততা ইঙ্গিত করতে পারে। SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS ট্র্যান্সপন্ডার নিষ্ক্রিয় অথবা পরিবর্তন করার লক্ষণ সতর্ক সংকেত বা রেড ফ্ল্যাগ হিসেবে চিহ্নিত হবে এবং ঐ জাহাজের সাথে অন্য কোনো কার্যক্রমে অন্তর্ভুক্ত হবার আগে তা পুরোপুরি তদন্ত করা উচিত।

- যেসব জাহাজকে নিবন্ধন করতে অস্বীকৃতি জানানো হয়েছে অথবা নিষেধাজ্ঞামূলক বা অবৈধ শিপিং কর্মকাণ্ডের জন্য নিবন্ধন বাতিল করা হয়েছে, সেগুলোর নাম ও IMO নম্বর বাণিজ্যিক ড্যাটাবেস, অন্য ফ্ল্যাগ রেজিস্ট্রির বা জাতীয়তা নিবন্ধনকারী, এবং IMO--এর সাথে শেয়ার করা, যেন US এবং UN-এর সংশ্লিষ্ট নিষেধাজ্ঞার সাথে সামঞ্জস্য রেখে অন্য জাতীয়তা নিবন্ধনকারীদের সচেতন করা যায়। উত্তর কোরিয়া সংক্রান্ত কারণে নিবন্ধন করতে অস্বীকৃতি অথবা নিবন্ধন বাতিল করার ঘটনা UN DPRK প্যানেল অফ এক্সপার্ট-এ অবহিত করা।

- সার্টিফিকেট অভ ডেলিগেশন-এ জাহাজের নিবন্ধন বাতিলের কারণ উল্লেখ করা, বিশেষত UN-বারণকৃত কর্মকাণ্ডের ঘটনাগুলো।

- AIS নিক্রিয় বা পরিবর্তনের লক্ষণের জন্য অব্যাহতভাবে AIS সম্প্রচার পর্যবেক্ষণ করার জন্য যথাযথ অনুযায়ী সক্ষমতা অর্জন এবং AIS গমনপথ অনুসরণের সম্পূরক অংশ হিসেবে দূর পাল্লার শনাক্তকরণ এবং অনুসরণ (লং রেঞ্জ আইডেন্টিফিকেশন অ্যান্ড ট্র্যাকিং, LRIT) ব্যবহার।

- সকল জাহাজ এবং সংশ্লিষ্ট মক্কেলদের অবহিত করুন যে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তন করার সন্দেহজনক কর্মকাণ্ড তদন্ত করা হতে পারে এবং সম্ভাব্য রেজিস্ট্রেশন বাতিলের জন্য যোগ্য -

7 সমন্বিত অথবা যুক্তরাষ্ট্রের আইনের অধীনে বাধ্যবাধকতা আরোপ করা অথবা প্রযোজ্য আইনের অধীনে কোনো সুনির্দিষ্ট আবশ্যকতা উল্লেখ করা পথনির্দেশনার উদ্দেশ্য নয়,কিংবা এটাকে সেই অনুসারে ভাবানুবাদও করা যাবে না।

- SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রয় বা পরিবর্তন করার প্যাটার্ন শনাক্ত করার জন্য রেজিস্ট্রি থেকে জাহাজের AIS ইতিহাস পর্যালোচনা এবং ঐসব জাহাজের জাতীয়তা নিবন্ধন বা ফ্ল্যাগ রেজিস্ট্রি পরিষেবা বাতিল অথবা অস্বীকৃতি প্রদান।

- নিবন্ধন তথ্য শেয়ার করার চুক্তি বা রেজিস্ট্রি ইনফর্মেশন শেয়ারিং কম্প্যাক্ট (বর্তমানে নেতৃত্ব দিচ্ছে লাইবেরিয়া, পানামা, এবং মার্শাল আইল্যান্ডস্)-এ যোগ দিতে অনুরোধ করতে হবে একটি সমঝোতার স্মারক (মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং)-এর মাধ্যমে।

- নিষেধাজ্ঞা অথবা অবৈধ সম্ভাব্য কর্মকাণ্ডের সতর্ক সংকেতে উঠে এসেছে এমন জাহাজের মালিক এবং ম্যানেজারদের জন্য UN এবং U.S. নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ডে সংশ্লিষ্টতা সংক্রান্ত প্রশিক্ষণ এবং আলোচনাসভার আয়োজন করা।

- নথিপত্রের জন্য একটি QR কোড পদ্ধতি অথবা বারকোড চালু করার বিবেচনা করা যেন সহজেই মোবাইল ফোন অ্যাপ অথবা সাবেক ফ্ল্যাগ স্টেটের ওয়েবসাইট দেখে সেই নথিপত্রের সত্যতা, বৈধতা, অথবা রেজিস্ট্রি বাতিলের ডকুমেন্ট পরীক্ষা করা যায়।

- জাহাজের কম্পানির চক্রাকার নিরীক্ষণ সম্পাদনের মাধ্যমে কম্পানিটি এখনও রেজিস্টারকৃত আছে কিনা তা নির্ধারণ করা। কম্পানি যে ভেঙ্গে দেয়া হয়নি এটা তা নিশ্চিত করবে।

- জাহাজের শনাক্তকারী তথ্য এবং অবস্থানগত ড্যাটার শুদ্ধতা নিশ্চিত করতে শ্রেণীবিভাগ সংঘকে (ক্লাসিফিকেশন সোসাইটি) AIS সরঞ্জামের উপর বসানোর জন্য একটি সফট্ লক (তালা) প্রদানের মাধ্যমে একযোগে কাজ করা, যেটা SOLAS জরুরি পরিস্থিতিতে নিষ্ক্রিয় করার অনুমোদনে ব্যাঘাত ঘটায় না। একটি সফট্ লক সমুদ্রযাত্রার সময় হাতের দ্বারা পরিবর্তন করা সুযোগ দেয় না কিন্তু নিরাপত্তার জন্য বা জরুরি পরিস্থিতিতে নিষ্ক্রিয় করার সুযোগ দেবে, এর পাশাপাশি শ্রেণীবিভাগ সংঘকে (ক্লাসিফিকেশন সোসাইটি) লগ-এ যেকোনো পরিবর্তন পরীক্ষা করার সুযোগ দেয় এবং এই ড্যাটার ইচ্ছাকৃত পরিবর্তন বাধ্যতামূলক বার্ষিক সরঞ্জাম পরীক্ষণের সময় রিপোর্ট করে।

- সংশ্লিষ্ট দপ্তর ব্যবহার করে সম্ভাব্য অবৈধ কর্মকাণ্ড ফ্ল্যাগ স্টেটকে অবহিত করে ঝুঁকি প্রশমনে সহায়তা করা।

- জাহাজের মালিকদের সকল মাস্টারদের যারা সমুদ্রপথে জাহাজ-থেকে-জাহাজে পণ্য স্থানান্তরে সম্পৃক্ত হতে পারে, তাদের প্রথম সমুদ্রযাত্রার আগে নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ডে সংশ্লিষ্টতা সংক্রান্ত প্রশিক্ষণ দেয়ার সুপারিশ করা।

- LRIT বন্ধ করার অথবা নিষ্ক্রিয় করার 24 ঘন্টার মধ্যে অবহিতকরণ বাধ্যতামূলক করা এবং ঐ ঘটনার জন্য তদন্ত আবশ্যক করা।

- জাহাজের নিবন্ধনকারী এবং মালিকদের অবহিত করা যে নিষেধাজ্ঞামূলক অথবা অবৈধ কর্মকাণ্ড তাৎক্ষণিক ফ্ল্যাগ অপসারণের কারণ হতে পারে এবং অন্তর্নিহিত নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপ এবং মালিকানার তথ্য প্রকাশকারী নিবন্ধনের নথিপত্র যুক্তরাষ্ট্র এবং জাতিসংঘের সংশ্লিষ্ট দপ্তরকে রেজিস্ট্রির ইচ্ছা অনুযায়ী এবং প্রযোজ্য আইন ও প্রবিধান অনুযায়ী পাঠানো হতে পারে।

- যেসব কর্মচারী অবৈধ বা নিষেধাজ্ঞামূলক আচরণ উন্মোচন করে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ থেকে নিরাপত্তা নিশ্চিত করা, এবং সন্দেহজনক বা বাস্তব অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা আছে তা নিশ্চিত করা।

- যেমন জাহাজের পূর্ববর্তী অবস্থানের ইতিহাস, জাহাজের রেজিস্ট্রি তথ্য, এবং জাহাজের ফ্ল্যাগিং তথ্যের পাশাপাশি যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ ট্রেজারি, জাতিসংঘ, এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড থেকে পাওয়া তথ্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে উপাত্ত বা ড্যাটা অন্তর্ভুক্তি করা।

- নিবন্ধনের তারিখের পর থেকে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রয় বা পরিবর্তন এবং অবৈধ কর্মকাণ্ডের জন্য নিবন্ধন বাতিল হয়ে যাবে এবং/অথবা পরিষেবা প্রদান অস্বীকৃতি জানানো হবে, এতে অন্তর্ভুক্ত ফ্ল্যাগ স্টেটের বন্দরে ভিড়তে না দেয়া। অতিরিক্তভাবে, নিবন্ধন বাতিলের অন্য কারণগুলোর মধ্যে রয়েছে SOLAS-এর সাথে সামঞ্জস্য রেখে AIS সম্প্রচার করছে না অথবা SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত পরিবর্তন ও নিষ্ক্রিয় ইঙ্গিতকারী AIS ইতিহাস আছে এমন মক্কেলের সাথে কার্গো আদান-প্রদান করা।

## বন্দর রাজ্যের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের জন্য নির্দেশনা

বন্দর রাজ্য নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষ যতটুকু তারা যথাযথ মনে করে এবং নিষেধাজ্ঞামূলক ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে সহায়ক হবে এবং স্থানীয় আইন ও প্রবিধানের সাথে সামঞ্জস্যকৃত নিম্নলিখিত নিরীক্ষামূলক পূর্ব-পদক্ষেপের চর্চাসমূহ বাস্তবায়ন করতে পারেন।

- বন্দরে আগত জাহাজগুলোর AIS সম্প্রচার বজায় রাখা বাধ্যতামূলক করা, যা SOLAS-কে প্রদান করতে হয়।
- সংশ্লিষ্ট পক্ষসমূহ, এতে অন্তর্ভুক্ত জাহাজের ক্যাপ্টেন, ম্যানেজার, এবং অন্যান্যদের অবহিত করুন যে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তনকে সম্ভাব্য অবৈধ কর্মকাণ্ডের ইঙ্গিত বহনকারী এবং যোগ্য কর্তৃপক্ষ দ্বারা তদন্ত করা হতে পারে।
- SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তনের ইতিহাস আছে যে জাহাজের সেটাকে বন্দরে প্রবেশের অস্বীকৃতি জানানো।
- পণ্য শিপিংয়ের সম্মতিপত্র বা বিলস্ অভ ল্যান্ডিং পর্যালোচনা করে কার্গোর উৎস নিশ্চিত করা। নিষেধাজ্ঞা এড়ানোর জন্য উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকা থেকে আসা তেল, পেট্রোকেমিক্যাল, জ্বালানি, এবং ধাতু সুনির্দিষ্ট নিরীক্ষণমূলক খোঁজ-খবরের মাধ্যমে পর্যালোচনা করতে হবে।
- সম্পূর্ণ ও সঠিক শিপিং নথিপত্র অনুরোধ এবং পর্যালোচনা, এতে অন্তর্ভুক্ত ইরান, উত্তর কোরিয়া, এবং সিরিয়াতে যাওয়া বা আসা পণ্যের সাথে সম্পর্কিত লেনদেন প্রক্রিয়াকরণকারী ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের কার্গোর উৎস শনাক্তকারী পণ্য শিপিংয়ের সম্মতিপত্র বা বিলস্ অফ ল্যান্ডিং। সাধারণত যা হয়, এই ধরণের শিপিংয়ের কাগজপত্র সমুদ্রযাত্রার অন্তর্নিহিত বিবরণসমূহের পাশাপাশি জাহাজ, কার্গো, উৎস, গন্তব্য, এবং লেনদেনের পক্ষসমূহ সম্পর্কে উল্লেখ করা উচিত। শিপিং নথিপত্রে পরিবর্তনের যেকোনো ইঙ্গিত, এগুলোর সাথে সংশ্লিষ্ট হোক কিংবা অন্য এলাকার সাথেই হোক, তা অবৈধ কর্মকাণ্ডের একটি সম্ভাব্য সতর্ক সংকেত, এবং পরিষেবা প্রদানের পূর্বে তা সম্পূর্ণভাবে তদন্ত করা প্রয়োজন।
- বন্দর রাজ্যের কর্তৃপক্ষের যেসব কর্মচারী অবৈধ বা নিষেধাজ্ঞামূলক আচরণ উন্মোচন করে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ থেকে নিরাপত্তা নিশ্চিত করা, এবং সন্দেহজনক বা বাস্তব অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা আছে তা নিশ্চিত করা।
- যেমন জাহাজের পূর্ববর্তী অবস্থানের ইতিহাস, জাহাজের রেজিস্ট্রি তথ্য, এবং জাহাজের ফ্ল্যাগিং তথ্যের পাশাপাশি যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অভ ট্রেজারি, জাতিসংঘ, এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড থেকে পাওয়া তথ্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে উপাত্ত বা ড্যাটা অন্তর্ভুক্তি করা।
- যেসব ব্যক্তি উত্তর কোরিয়ার সমর্থনে এবং অবৈধ শিপিং কর্মকাণ্ড, কালো টাকা সাদা করা, সাইবার অপরাধ, এবং WMD বিস্তার সহ নিষেধাজ্ঞা এড়ানোর কোনো সুনির্দিষ্ট কর্মকাণ্ডে লিপ্ত হয়, এমন কোনো তথ্য যদি প্রদান করা হয় যার ফলে সেসব ব্যক্তির আর্থিক ক্রিয়াকলাপে ব্যাঘাত ঘটবে, সেজন্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ন্যায়বিচারের জন্য পুরস্কার (রিওয়ার্ডস্ ফর জাস্টিস, RFJ) কর্মসূচি 5 মিলিয়ন ডলার পর্যন্ত পুরস্কার ঘোষণা করেছে, এই তথ্য ছড়িয়ে দেয়া। আরো তথ্যের জন্য, অথবা কোনো পরামর্শ জমা দিতে, www.rewardsforjustice.net ভিজিট করুন অথবা ইমেইল করুন northkorea@dosinfo.com ঠিকানায়।
- এছাড়াও, IRGC-কুদস্ ফোর্স বা কুর্দি বাহিনী (IRGC-QF) সহ, ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস্ (IRGC) এবং এটার শাখাসমূহের আর্থিক ক্রিয়াকলাপে বিঘ্ন সৃষ্টি করা যায় এমন তথ্যের জন্য RFJ কর্মসূচি 15 মিলিয়ন ডলার পর্যন্ত ঘোষণা করেছে এই তথ্য ছড়িয়ে দেয়া। আরও তথ্যের জন্য, অথবা কোনো মতামত জমা দিতে, https://rewardsforjustice.net/english/irgc.html ভিজিট করুন।

## শিপিং শিল্পখাতের সংঘসমূহের জন্য পথনির্দেশনা

শিপিং শিল্পখাতের সংঘসমূহ নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে উল্লিখিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের চর্চাগুলো যতটুকু যথাযথ ও সহায়ক মনে করে সেই অনুযায়ী বাস্তবায়ন করা বিবেচনা করতে পারে।

- বিশ্বব্যাপী প্রতারণামূলক শিপিং চর্চাসমূহ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে এবং অবৈধ শিপিং কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট ঝুঁকি প্রশমনের পন্থাসমূহ সদস্যগণ শনাক্ত করতে এই উপদেশক ছড়িয়ে দেয়া, অথবা এই বিষয় সংক্রান্ত তাদের নিজস্ব উপদেশক তৈরি করা, এবং সেটা সদস্যদের মাঝে প্রদান করা।

- শিল্পখাত-ব্যাপী প্রকাশনাসমূহে নিয়মিত ঘটনা পর্যবেক্ষণ বা কেস স্টাডি এবং অবৈধ কর্মকাণ্ড সংক্রান্ত সর্বশেষ তথ্য প্রদান, বিশেষত তেল এবং পেট্রোলিয়ামজাত পণ্য শিপিংয়ের সাথে সম্পর্কিত তথ্য।

**আঞ্চলিক এবং বিশ্বব্যাপী পণ্যসামগ্রী বাণিজ্য, সরবরাহকারী, এবং দাদালী বা ব্রোকারিং কম্পানিগুলোর জন্য পথনির্দেশনা**

আঞ্চলিক এবং বিশ্বব্যাপী পণ্যসামগ্রী বাণিজ্য, সরবরাহকারী, এবং দাদালী বা ব্রোকারিং কম্পানিগুলো নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে যথাযথ অনুযায়ী নিম্নলিখিত প্রতিপালনের চর্চাগুলো বাস্তবায়ন করা বিবেচনা করতে পারে।

- চার্টারড্ মক্কেলদের AIS সম্প্রচার পর্যবেক্ষণ করা, বিশেষত জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তরের মাধ্যমে নিষেধাজ্ঞা এড়িয়ে যাবার জন্য উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকার জাহাজগুলোর ক্ষেত্রে।

- বিগত দুই বছর, SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তনের প্যাটার্ন রয়েছে সেই জাহাজসমূহ শনাক্ত করুন এবং সেসব মক্কেলদের সাথে ব্যবসায়িক সম্পর্ক বাতিল করা যারা ঐসব জাহাজের সাথে অব্যাহতভাবে ব্যবহার করে যাবে।

- যদি চার্টার্ড মক্কেল একাধিকবার SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তনের প্যাটার্ন প্রদর্শনকারীদের সাথে চুক্তি বাতিল অনুমোদন, এই মর্মে "AIS সুইচ-অফ" শর্ত অন্তর্ভুক্ত করে চার্টারড্ মক্কেলদের সাথে চুক্তিতে ভাষা অন্তর্ভুক্ত করা।

- SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত কারণে AIS সম্প্রচার করছে না যেসব জাহাজ সেগুলোর সাথে কার্গো আদান-প্রদান নিষিদ্ধ, এই মর্মে চুক্তিতে ভাষা অন্তর্ভুক্ত করা।

- একটি চুক্তিগত প্রবিধান পরিগ্রহণ করা যা আসল চুক্তি এবং চুক্তির অন্য যেকোনো সংযোজনে উল্লিখিত অনুযায়ী পণ্যসামগ্রী লেনদেন হচ্ছে কিনা তা পর্যবেক্ষণের একটি পদ্ধতি অন্তর্ভুক্ত করা।

- জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তরে অন্তর্ভুক্ত লেনদেনে, উদ্দিষ্ট পণ্যসামগ্রীর সংশ্লিষ্ট হেফাজতকারীর ধারাবাহিকতা (চেইন অভ কাস্টডি) প্রতিষ্ঠা করতে লেনদেনকারী পক্ষগুলো সকল সংশ্লিষ্ট জাহাজের IMO নম্বর এবং জাহাজের লগ ও কার্গোর উৎসের সনদ (সার্টিফিকেট অভ অরিজিন) পর্যালোচনা করে, নিশ্চিত করবে।

- ইরান, উত্তর কোরিয়া, অথবা সিরিয়ার সাথে সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত সম্ভাব্য নিষেধাজ্ঞার ঝুঁকি বিষয়ে মক্কেলদের সংবেদনশীল করা।

- শিল্পখাত-ব্যাপী প্রকাশনাসমূহে নিয়মিত ঘটনা পর্যবেক্ষণ বা কেস স্টাডি এবং অবৈধ কর্মকাণ্ড সংক্রান্ত সর্বশেষ তথ্য প্রদান, বিশেষত তেল এবং পেট্রোলিয়ামজাত পণ্য শিপিংয়ের সাথে সম্পর্কিত তথ্য। এতে জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তর বিষয়ক সুনির্দিষ্ট উত্তর কোরিয়া সংক্রান্ত জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাবের প্রবিধান (UNSCR 2375, OP 11)-এর পাশাপাশি, UNSCR 2397 (OP 13) অন্তর্ভুক্ত করা উচিত, যা উত্তর কোরিয়ার সাথে সংশ্লিষ্ট জাহাজগুলো UNSCR-এর নিষেধাজ্ঞা পর্যবেক্ষণ এড়িয়ে যাবার জন্য AIS পরিচালনার শর্তাবলী ইচ্ছাকৃতভাবে উপেক্ষা করে বলে উদ্বেগ প্রকাশ করে।

- অপরিশোধিত বা ক্রুড এবং পরিশোধিত পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, এবং ধাতু বাজার মূল্য থেকে অনেক কম দামে ক্রয় করা অবৈধ কর্মকাণ্ড ইঙ্গিতকারী সতর্ক সংকেত হতে পারে তা স্বীকার করা।

- সম্পূর্ণ ও সঠিক শিপিং নথিপত্র অনুরোধ এবং পর্যালোচনা, এতে অন্তর্ভুক্ত ইরান, উত্তর কোরিয়া, এবং সিরিয়াতে সম্ভাব্য যাওয়া বা আসা পণ্যের সাথে সম্পর্কিত লেনদেন প্রক্রিয়াকরণকারী ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের কার্গোর উৎস শনাক্তকারী পণ্য শিপিংয়ের সম্মতিপত্র বা বিলস্ অভ ল্যাডিং। এই ধরণের শিপিংয়ের কাগজপত্র সমুদ্রযাত্রার অন্তর্নিহিত বিবরণসমূহের পাশাপাশি জাহাজ, কার্গো, উৎস, গন্তব্য, এবং লেনদেনের পক্ষসমূহ সম্পর্কে উল্লেখ করা

উচিত। শিপিংয়ের কাগজপত্রে নিজস্বার্থে পরিবর্তনের যেকোনো ইঙ্গিত সম্ভাব্য অবৈধ কর্মকাণ্ডের একটি সতর্ক সংকেত এবং লেনদেন অব্যাহত রাখার পূর্বে পুরোপুরি তদন্ত করা উচিত।

- যেসব কর্মচারী অবৈধ বা নিষেধাজ্ঞামূলক আচরণ উন্মোচন করে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ থেকে নিরাপত্তা নিশ্চিত করা, এবং সন্দেহজনক বা বাস্তব অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা আছে তা নিশ্চিত করা।

- যেহেতু শিপিং ব্যবসার আয়োজন ভিন্ন ভিন্ন আইনের আওতাধীন পক্ষকে সম্পৃক্ত করতে পারে, সেহেতু আন্তর্জাতিক অংশীদারদের সাথে সুস্পষ্ট যোগাযোগ করা। একটি লেনদেনে সংশ্লিষ্ট পক্ষগুলোকে ইউ.এস. এবং ইউ.এন.-এর নিষেধাজ্ঞা শাসনব্যবস্থার অধীনে সম্পর্কিত বিধিনিষেধ ব্যাখ্যা করলে আরো তাদের কাছ থেকে কার্যকরী প্রতিপালন পাওয়া যেতে পারে। যুক্তরাষ্ট্র শিপিং শিল্পখাতে সংশ্লিষ্ট সকল পক্ষকে তাদের সরবরাহ ব্যবস্থায় জড়িতদের সাথে এই উপদেশক শেয়ার করতে উৎসাহিত করে।

- কয়েকটি সংগঠন থেকে বাণিজ্যিক শিপিং উপাত্ত (ড্যাটা) যেমন জাহাজের পূর্ববর্তী অবস্থানের ইতিহাস, জাহাজের রেজিস্ট্রি তথ্য, এবং জাহাজের ফ্ল্যাগিং তথ্যের সাথে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অভ ট্রেজারি, জাতিসংঘ, এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড থেকে পাওয়া তথ্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে উপাত্ত বা ড্যাটা অন্তর্ভুক্তি করা।

- চুক্তির তারিখের পর থেকে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তন এবং নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড চুক্তি বাতিল এবং পরিষেবা অপসারণ ও অস্বীকৃতি প্রদানের সম্ভাব্য কারণ হতে পারে এই মর্মে চুক্তিতে ভাষা অন্তর্ভুক্ত করা। অতিরিক্তভাবে, যে মক্কেল SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃতভাবে AIS সম্প্রচার করছে না অথবা SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS ইতিহাস আছে যা নিজস্বার্থে পরিবর্তন করা ইঙ্গিত করে, তাদের কার্গো স্থানান্তর নিষিদ্ধ করে সকল পক্ষ চুক্তির ভাষা সংযোজন করতে পারে।

## সামুদ্রিক শিল্পখাতের কাস্টমারদের ঝুঁকি মূল্যায়নে আর্থিক প্রতিষ্ঠানগুলোর জন্য সহায়ক তথ্য

যেকোন কাস্টমারের জন্য যে কাস্টমার নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপের মত একই প্রকার, কালো টাকা সাদা করা এবং সন্ত্রাসী ও বিস্তার অর্থায়ন মোকাবেলায় যুক্তরাষ্ট্রের বিদ্যমান প্রযোজ্য আইন ও প্রবিধানের সাথে সামঞ্জস্যকৃত যথাযথ ঝুঁকি প্রশমনের পদক্ষেপ গ্রহণ করতে, আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের সামুদ্রিক শিল্পখাতের কাস্টমারদের জন্য তাদের অভ্যন্তরীণ ঝুঁকি মূল্যায়নের উপর নির্ভর করা উচিত।[6] প্রতিপালনের এই পদক্ষেপ গ্রহণে আইন ও প্রবিধান অনুযায়ী আবশ্যকৃত যথাযথ নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপের নীতিমালা এবং কার্যপ্রণালী অন্তর্ভুক্ত হতে পারে, উদাহরণস্বরূপ, FinCEN-এর কাস্টমার নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপ এবং মালিকানার সহায়ক বাধ্যবাধকতা।[7]

আর্থিক প্রতিষ্ঠানগুলো মূল্যায়নে নিম্নলিখিত ঝুঁকির ক্ষেত্রগুলোর অন্তর্ভুক্তি বিবেচনা করতে পারে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- যেসব পণ্যসামগ্রী এবং ভৌগলিক বাণিজ্য পথগুলোতে আন্ত বা ট্র্যান্সশিপমেন্ট এবং জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তরের সম্ভাবনা বেশি সেগুলো শনাক্ত করুন এবং একটি প্রতিষ্ঠানের সামুদ্রিক শিল্পখাতের একটি কাস্টমার সেগুলো কী পরিমাণ ব্যবহার করে।

- কী ধরণের পরিষেবা(সমূহ) অফার করা হয় এবং ভৌগলিক অবস্থান সহ, প্রত্যেক মক্কেলের ব্যবসার প্রকৃতির একটি মূল্যায়নের ফলাফল।

- মক্কেলের আদর্শরূপ ব্যবসায়ীক চর্চার সাথে মক্কেলের অসামঞ্জস্যকৃত লেনদেনের কর্মকাণ্ড, এটি যখন মক্কেল নতুন জাহাজ অধিগ্রহণ করে তখন অন্তর্ভুক্ত করার জন্য।

- মক্কেলের সম্পত্তির মধ্যে কোনো আটককৃত বা ব্লক করা সম্পত্তি নেই তা নির্ধারণ করতে মক্কেলের অধিগ্রহণ অথবা বিক্রয় করা জাহাজসমূহ।

12 31 CFR 1010.210-এ প্রতিষ্ঠিত কালো টাকা সাদা করা রোধের কর্মসূচির শর্তাবলী, যা নির্দিষ্ট প্রকার আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য - 31 CFR 1020.210 (ব্যাংক), 1021.210 (ক্যাসিনো), 1022.210 (আর্থিক পরিষেবার ব্যবসা প্রতিষ্ঠান), 1023.210 (সিকিউরিটিস্), 1024.210 (মিউচুয়াল ফান্ড), 1025.210 (বিমা বা ইনস্যুরেন্স), 1026.210 (ফিউচারস্), 1027.210 (মূল্যবান ধাতু), 1028.210 (ক্রেডিট কার্ড সিস্টেম), 1029.210 (ঋণ অথবা অর্থায়ন), এবং 1030.210 (আবাসন সরকারের স্পনসরকৃত প্রতিষ্ঠান), দেখুন

13 31 CFR 1010.220-এ প্রতিষ্ঠিত কাস্টমার শনাক্তকরণের কর্মসূচির শর্তাবলী, যা নির্দিষ্ট প্রকার আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য - 31 CFR 1020.220 (ব্যাংক), 1023.220 (সিকিউরিটিস্), 1024.220 (মিউচুয়াল ফান্ড), এবং 1026.220 (ফিউচারস্) দেখুন। এছাড়াও 31 CFR 1010.230-এ প্রতিষ্ঠিত আইনী প্রতিষ্ঠানের কাস্টমারদের জন্য মালিকানার সহায়ক বাধ্যবাধকতা দেখুন।

## জাহাজের মালিক, পরিচালক, এবং চার্টারারদের জন্য পথনির্দেশনা

জাহাজের মালিক, চালক, এবং চার্টারারগণ নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে উল্লিখিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের চর্চাগুলো যতটুকু যথাযথ ও সহায়ক মনে করে সেই অনুযায়ী বাস্তবায়ন করা বিবেচনা করতে পারেন।

-  যথাযথভাবে, জাহাজসমূহ অব্যাহতভাবে পর্যবেক্ষণকরণ, এতে অন্তর্ভুক্ত তৃতীয় পক্ষের ভাড়া করা (লিজ) জাহাজসমূহ, এবং SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃত AIS অব্যাহতভাবে চালিত হচ্ছে এবং নিজ স্বার্থে পরিবর্তন করা হয় নি তা নিশ্চিত করা।  AIS-এর পাশাপাশি বিভিন্ন পক্ষ LRIT ব্যবহার বিবেচনা করতে পারে এবং প্রতি 3 ঘন্টা পরপর LRIT সংকেত (সিগন্যাল) গ্রহণ করবে।

-  জাহাজের AIS সম্প্রচার (ট্র্যান্সমিশন) পর্যবেক্ষণ, বিশেষত সেসব জাহাজ যেগুলো কার্গো পরিবহন করতে পারে এবং জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তরের সম্ভাবনা বেশি, যা নিষেধাজ্ঞা এড়াতে ব্যবহারের জন্য পরিচিত (যেমন, কয়লা, পেট্রোলিয়াম ও পেট্রোলিয়াম সামগ্রী, এবং পেট্রোকেমিক্যাল সামগ্রী)।

-  সকল জাহাজের AIS পরিবর্তন পর্যবেক্ষণ করা হবে, এবং SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয়করণের ঘটনাগুলো তদন্ত এবং রিপোর্ট করা হবে, সেবিষয়ে মক্কেলদের  কাছে জোর **দিয়ে বলুন**।

-  বিগত দুই বছর, SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS পরিবর্তনের প্যাটার্ন রয়েছে সেই জাহাজসমূহ শনাক্ত করুন এবং সেসব মক্কেলদের সাথে ব্যবসায়িক সম্পর্ক বাতিল করা যারা ঐসব জাহাজ অব্যাহতভাবে ব্যবহার করে যাবে।

-  সকল নতুন মক্কেলের AIS ইতিহাস মূল্যায়ন করা এবং SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃত AIS পরিবর্তন করার ইতিহাস আছে এমন জাহাজগুলোর সাথে ব্যবসা করতে অস্বীকৃতি।

-  যেকোনো মক্কেল একাধিকবার SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রয় বা পরিবর্তনের প্যাটার্ন প্রদর্শন করে তাদের সাথে জাহাজের মালিক, চার্টারার এবং চালকদের কাজ বাতিল অনুমোদন করে, এই মর্মে "AIS সুইচ-অফ" শর্ত অন্তর্ভুক্ত করে মক্কেলদের সাথে চুক্তিতে ভাষাগুলি অন্তর্ভুক্ত করা।

-  সর্বশেষ গ্রহণকারী যাচাইকরণ উন্নত করতে, রেকর্ড সংরক্ষণ এবং বিশ্লেষণ, এতে অন্তর্ভুক্ত, যেখানে সম্ভব, ডেলিভারির এবং গ্রহণকারী জাহাজের এবং/অথবা যেখানে সম্ভব, বন্দরে গ্রহণকারীর অবস্থানের ছবি।

-  শিল্পখাত-ব্যাপী প্রকাশনাসমূহে নিয়মিত ঘটনা পর্যবেক্ষণ বা কেস স্টাডি এবং অবৈধ কর্মকাণ্ড সংক্রান্ত সর্বশেষ তথ্য প্রদান, বিশেষত তেল এবং পেট্রোলিয়ামজাত পণ্য শিপিং ও চার্টারিং-এর সাথে সম্পর্কিত তথ্য।  এতে জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তর বিষয়ক সুনির্দিষ্ট উত্তর কোরিয়া সংক্রান্ত জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাবের প্রবিধান (UNSCR 2375, OP 11)-এর পাশাপাশি, UNSCR 2397 (OP 13) অন্তর্ভুক্ত করা উচিত, যা উত্তর কোরিয়ার সাথে সংশ্লিষ্ট জাহাজগুলো UNSCR-এর নিষেধাজ্ঞা পর্যবেক্ষণ এড়িয়ে যাবার জন্য AIS পরিচালনার শর্তাবলী ইচ্ছাকৃতভাবে উপেক্ষা করে বলে উদ্বেগ প্রকাশ করে।

-  প্রয়োজন এবং যথাযথ অনুযায়ী ব্যবসার অপরপক্ষকে (যেমন, জাহাজের মালিক, ম্যানেজার, চার্টারার, অপারেটর) তাদের প্রত্যাশা অবহিত করা যে তাদের যেন যথেষ্ট ও যথাযথ প্রতিপালন নীতি থাকে, যেটায় অন্তর্ভুক্ত হতে পারে: 1) তাদের কর্মকাণ্ড এমনভাবে পরিচালনা করবেন যা যুক্তরাষ্ট্র এবং জাতিসংঘের নিষেধাজ্ঞা সাথে সামঞ্জস্যকৃত হবে, প্রযোজ্য অনুযায়ী; 2) তাদের কর্মিবৃন্দ, যেমন, সরাসরি চাকুরীপ্রাপ্ত, ঠিকাদার বা কন্ট্রাক্টর ও স্টাফ, তাদের নিজস্ব নিষেধাজ্ঞা সম্পর্কিত নীতি অনুযায়ী প্রতিপালন এবং সম্পাদন নিশ্চিত করতে পর্যাপ্ত রিসোর্স রয়েছে; 3) অধিনস্থ এবং

সম্বন্ধযুক্তরা প্রাসঙ্গিক নীতি মেনে চলবে, যতটুকু প্রযোজ্য হয়; 4) AIS পর্যবেক্ষণ করার জন্য প্রাসঙ্গিক নিয়ন্ত্রণ আছে; 5) যেসব এলাকা তারা উচ্চ ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করেছে সেসব এলাকায় কার্গো উঠাতে কিংবা নামাতে পরীক্ষণ ও মূল্যায়ন করার নিয়ন্ত্রণ স্থাপিত আছে; 6) প্রয়োজন অনুযায়ী, পণ্য শিপিংয়ের সম্মতিপত্র বা বিলস্ অফ ল্যান্ডিং-এর সত্যতা যাচাই করার নিয়ন্ত্রণ আছে; এবং 7) এই পথনির্দেশনার সাথে সামঞ্জস্যকৃত নিয়ন্ত্রণ বহাল আছে।

- যেসব কর্মচারী অবৈধ বা নিষেধাজ্ঞামূলক আচরণ উন্মোচন করে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ থেকে নিরাপত্তা নিশ্চিত করা, এবং সন্দেহজনক বা বাস্তব নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা আছে তা নিশ্চিত করা।

- যেহেতু শিপিং ব্যবসায়ীক কার্যকলাপে ভিন্ন ভিন্ন আইনী এক্তিয়ারের অধীনের পক্ষদের সম্পৃক্ত করতে পারে, সেহেতু একটি লেনদেনে সম্পৃক্ত সকল পক্ষকে ইউ.এস. এবং ইউ.এন.-এর নিষেধাজ্ঞা শাসনব্যবস্থার অধীনে সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা সম্পর্কে অবহিত করলে আরো কার্যকরী প্রতিপালন পাওয়া যেতে পারে। যুক্তরাষ্ট্র শিপিং শিল্পখাতে সংশ্লিষ্ট সকল পক্ষকে তাদের সরবরাহ ব্যবস্থায় জড়িতদের সাথে এই উপদেশক শেয়ার করতে উৎসাহিত করে।

- কয়েকটি সংগঠন থেকে বাণিজ্যিক শিপিং উপাত্ত (ড্যাটা) যেমন জাহাজের পূর্ববর্তী অবস্থানের ইতিহাস, জাহাজের রেজিস্ট্রি তথ্য, এবং জাহাজের ফ্ল্যাগিং তথ্যের সাথে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ ট্রেজারি, জাতিসংঘ, এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড থেকে পাওয়া তথ্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে উপাত্ত বা ড্যাটা অন্তর্ভুক্তি করা।

- চুক্তির তারিখের পর থেকে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তন এবং নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড চুক্তি বাতিল এবং পরিষেবা অপসারণ ও অস্বীকৃতি প্রদানের কারণ হতে পারে এই মর্মে চুক্তিতে সুস্পষ্ট ভাষা অন্তর্ভুক্ত করা। অতিরিক্তভাবে, যে মক্কেল AIS সম্প্রচার করছে না অথবা SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS ইতিহাস আছে যা নিজস্বার্থে পরিবর্তন করা ইঙ্গিত করে, তাদের কার্গো স্থানান্তর নিষিদ্ধ করে সকল পক্ষ চুক্তির ভাষা সংযোজন করতে পারে।

- যেসব ব্যক্তি উত্তর কোরিয়ার সমর্থনে এবং অবৈধ শিপিং কর্মকাণ্ড, কালো টাকা সাদা করা, সাইবার অপরাধ, এবং WMD বিস্তার সহ নিষেধাজ্ঞা এড়ানোর কোনো সুনির্দিষ্ট কর্মকাণ্ডে লিপ্ত হয়, এমন কোনো তথ্য যদি প্রদান করা হয় যার ফলে সেসব ব্যক্তির আর্থিক ক্রিয়াকলাপে ব্যাঘাত ঘটবে, সেজন্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ন্যায়বিচারের জন্য পুরস্কার (রিওয়ার্ডস্ ফর জাস্টিস, RFJ) কর্মসূচি 5 মিলিয়ন ডলার পর্যন্ত পুরস্কার ঘোষণা করেছে, এই তথ্য ছড়িয়ে দেয়া। আরো তথ্যের জন্য, অথবা কোনো পরামর্শ জমা দিতে, www.rewardsforjustice.net ভিজিট করুন অথবা ইমেইল করুন northkorea@dosinfo.com ঠিকানায়।

- এছাড়াও, IRGC-কুদস্ ফোর্স বা কুর্দি বাহিনী (IRGC-QF) সহ, ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস্ (IRGC) এবং এটার শাখাসমূহের আর্থিক ক্রিয়াকলাপে বিঘ্ন সৃষ্টি করা যায় এমন তথ্যের জন্য RFJ কর্মসূচি 15 মিলিয়ন ডলার পর্যন্ত ঘোষণা করেছে এই তথ্য ছড়িয়ে দেয়া। আরও তথ্যের জন্য, অথবা কোনো মতামত জমা দিতে, https://rewardsforjustice.net/english/irgc.html ভিজিট করুন।

## শ্রেণীবিভাগ সংঘের (ক্লাসিফিকেশন সোসাইটি) জন্য পথনির্দেশনা

শ্রেণীবিভাগ সংঘগুলো (ক্লাসিফিকেশন সোসাইটি) নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে উল্লিখিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের চর্চাগুলো যতটুকু যথাযথ ও সহায়ক মনে করে সেই অনুযায়ী বাস্তবায়ন করা বিবেচনা করতে পারে।

- সর্বশেষ গ্রহণকারী যাচাইকরণ উন্নত করতে, রেকর্ড সংরক্ষণ, এতে অন্তর্ভুক্ত, গ্রহণকারী জাহাজের এবং/অথবা যেখানে সম্ভব, বন্দরে গ্রহণকারীর অবস্থানের ছবি।

- যতটুকু সম্ভব যথাযথ, সেই অনুযায়ী 'আপনার কাস্টমারকে জানুন (নো ইয়োর কাস্টমার, KYC) নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপসমূহ পরিগ্রহণ।

- ইরান, উত্তর কোরিয়া, অথবা সিরিয়ার সাথে সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত সম্ভাব্য নিষেধাজ্ঞার ঝুঁকিসমূহ বিষয়ে মক্কেলদের সংবেদনশীল করা।

- শিল্পখাতব্যাপী প্রকাশনাগুলোতে অবৈধ কর্মকাণ্ড সংক্রান্ত নিয়মিত ঘটনা পর্যবেক্ষণ বা কেস স্টাডি এবং সর্বশেষ তথ্য প্রদান করা। বিশেষত তেল এবং পেট্রোলিয়াম পণ্যসামগ্রী শিপিং এবং চার্টারিংয়ের সাথে সংশ্লিষ্ট "পরিভাষা এবং শর্তাবলীর" অধীনে কম্পানির ওয়েবসাইটে, উত্তর কোরিয়ার পতাকাঙ্কিত জাহাজগুলোর সাথে জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তর এবং SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রিয় বা পরিবর্তনকরণ সংক্রান্ত সুনির্দিষ্ট ইউ.এন. নিরাপত্তা পরিষদ নিষেধাজ্ঞা এতে অন্তর্ভুক্ত করা উচিত।

- জাহাজের নিবন্ধনকারী এবং মালিকদের অবহিত করা যে নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড তাৎক্ষণিক ব্যবসা বাতিলের কারণ হতে পারে এবং অন্তর্নিহিত নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপ এবং মালিকানার তথ্য প্রকাশকারী নিবন্ধনের নথিপত্র যুক্তরাষ্ট্র এবং জাতিসংঘের যেকোনো সংশ্লিষ্ট দপ্তরকে শ্রেণীবিভাগ সংঘের (ক্লাসিফিকেশন সোসাইটি) ইচ্ছা অনুযায়ী এবং প্রযোজ্য আইন ও প্রবিধান অনুযায়ী পাঠানো হতে পারে।

- প্রয়োজন এবং যথাযথ অনুযায়ী ব্যবসার অপরপক্ষকে (যেমন, জাহাজের মালিক, ম্যানেজার, চার্টারার, অপারেটর) তাদের প্রত্যাশা অবহিত করা যে তাদের যেন যথেষ্ট ও যথাযথ প্রতিপালন নীতি থাকে, যেটায় অন্তর্ভুক্ত হতে পারে: 1) তাদের কর্মকাণ্ড এমনভাবে পরিচালনা করবেন যা যুক্তরাষ্ট্র এবং জাতিসংঘের নিষেধাজ্ঞা সাথে সামঞ্জস্যকৃত হবে, প্রযোজ্য অনুযায়ী; 2) তাদের কর্মিবৃন্দ, যেমন, সরাসরি চাকুরীপ্রাপ্ত, ঠিকাদার বা কন্ট্রাক্টর ও স্টাফ, তাদের নিজস্ব নিষেধাজ্ঞা সম্পর্কিত নীতি অনুযায়ী প্রতিপালন এবং সম্পাদন নিশ্চিত করতে পর্যাপ্ত রিসোর্স রয়েছে; 3) অধীনস্থ এবং সম্বন্ধযুক্তরা প্রাসঙ্গিক নীতি মেনে চলবে, যতটুকু প্রযোজ্য হয়; 4) AIS পর্যবেক্ষণ করার জন্য প্রাসঙ্গিক নিয়ন্ত্রণ আছে; 5) যেসব এলাকা তারা উচ্চ ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করেছে সেসব এলাকায় কার্গো উঠাতে কিংবা নামাতে পরীক্ষণ ও মূল্যায়ন করার নিয়ন্ত্রণ স্থাপিত আছে; 6) প্রয়োজন অনুযায়ী, পণ্য শিপিংয়ের সম্মতিপত্র বা বিলস্ অভ ল্যান্ডিং-এর সত্যতা যাচাই করার নিয়ন্ত্রণ আছে; এবং 7) এই পথনির্দেশনার সাথে সামঞ্জস্যকৃত নিয়ন্ত্রণ বহাল আছে।

- যেখানে যথাযথ, সেই অনুযায়ী, নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের নথিপত্রগুলো নিশ্চিত করা (যেমন, ফ্ল্যাগ রেজিস্ট্রির জন্য রেজিস্ট্রেশন নথি বা ডকুমেন্ট), এতে অন্তর্ভুক্ত সকল ব্যক্তিক বা ইন্ডিভিজ্যুয়াল মালিকের পাসপোর্টের রঙ্গিন ফটোকপি, নাম, ব্যবসা ও আবাসিক ঠিকানা, পাসপোর্ট নাম্বার ও ইস্যুকারী দেশ, ফোন নম্বর, এবং ব্যক্তিক বা ইন্ডিভিজ্যুয়াল জাহাজের(গুলোর) সকল মালিকদের ইমেইল এবং ঐ জাহাজ বহরের মালিকদের সকল জাহাজের নাম ও IMO নম্বর।

- যেসব কর্মচারী অবৈধ বা নিষেধাজ্ঞামূলক আচরণ উন্মোচন করে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ থেকে নিরাপত্তা নিশ্চিত করা, এবং সন্দেহজনক বা বাস্তব অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা আছে তা নিশ্চিত করা।

- যেহেতু শিপিং ব্যবসায়ীক কার্যকলাপে ভিন্ন ভিন্ন আইনী এক্তিয়ারের অধীনের পক্ষদের সম্পৃক্ত করতে পারে, সেহেতু একটি লেনদেনে সম্পৃক্ত সকল পক্ষকে ইউ.এস. এবং ইউ.এন.-এর নিষেধাজ্ঞা শাসনব্যবস্থার অধীনে সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা সম্পর্কে অবহিত করলে আরো কার্যকরী প্রতিপালন পাওয়া যেতে পারে। যুক্তরাষ্ট্র শিপিং শিল্পখাতে সংশ্লিষ্ট সকল পক্ষকে তাদের সরবরাহ ব্যবস্থায় জড়িতদের সাথে এই উপদেশক শেয়ার করতে উৎসাহিত করে।

- কয়েকটি সংগঠন থেকে বাণিজ্যিক শিপিং উপাত্ত (ড্যাটা) যেমন জাহাজের পূর্ববর্তী অবস্থানের ইতিহাস, জাহাজের রেজিস্ট্রি তথ্য, এবং জাহাজের ফ্ল্যাগিং তথ্যের সাথে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ ট্রেজারি, জাতিসংঘ, এবং যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড থেকে পাওয়া তথ্য নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপে উপাত্ত বা ড্যাটা অন্তর্ভুক্তি করা।

- চুক্তির তারিখের পর থেকে SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS নিষ্ক্রয় বা পরিবর্তন এবং নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড চুক্তি বাতিল এবং পরিষেবা অপসারণ ও অস্বীকৃতি প্রদানের কারণ হতে পারে এই মর্মে চুক্তিতে ভাষা অন্তর্ভুক্ত করা। অতিরিক্তভাবে, যে মক্কেল AIS সম্প্রচার করছে না অথবা SOLAS-এর সাথে অসামঞ্জস্যকৃত AIS ইতিহাস আছে যা নিজস্বার্থে পরিবর্তন করা ইঙ্গিত করে, তাদের কার্গো স্থানান্তর নিষিদ্ধ করে সকল পক্ষ চুক্তির ভাষা সংযোজন করতে পারে।

## জাহাজের ক্যাপ্টেনদের জন্য পথনির্দেশনা

নাবিকগণ নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে উল্লিখিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের চর্চাগুলো যতটুকু যথাযথ ও সহায়ক মনে করে সেই অনুযায়ী বাস্তবায়ন করা বিবেচনা করতে পারেন।

- আপনার ডেক অফিসারগণ বুঝেছে এবং অবগত আছে যে, IMO আবশ্যকৃত AIS প্রবিধানসমূহ, যেটায় SOLAS-এর সাথে সামঞ্জস্যকৃত AIS ট্র্যান্সমিশন অব্যাহতভাবে সম্প্রচার অন্তর্ভুক্ত করে।

- অবৈধ শিপিং সম্পর্কিত IMO প্রচারিত সচেতনতামূলক পথনির্দেশনা চর্চা।

- জাহাজের মালিক এবং চার্টারারদের (ভাড়াকারী) অবহিত করানো যে আপনি যে জাহাজটি পরিচালনা/নাবিক সরবরাহ করছেন সেটা AIS নিষ্ক্রিয় করা হয় কিনা তা পর্যবেক্ষণ করা হবে, এবং AIS নিষ্ক্রিয়করণের ঘটনা তদন্ত করা হবে।

- আপনার জাহাজের AIS ইতিহাস নিরীক্ষা করার মাধ্যমে জাহাজ পূর্বে কোনো অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত হয়েছে কিনা তা নির্ধারণ করুন।

- জাহাজের ক্যাপ্টেন যারা নিষেধাজ্ঞা বা স্যাংশন এড়িয়ে যাবার মত উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তর একটি সম্ভাব্য নিষিদ্ধ (ব্লকড্) জাহাজের সাথে হতে পারে অথবা জাহাজগুলো এমন সব কার্গো পরিবহন করছে যেগুলো ইউ.এস. এবং ইউ.এন. নিষেধাজ্ঞার দ্বারা বারণকৃত তারা জাহাজের মিথ্যা নাম অথবা IMO নম্বর সহ পরিচিত লুকানোর জন্য জালিয়াতির আশ্রয় নেবে, সেবিষয়ে তারা অবগত আছে তা নিশ্চিত করা। যতটুকু সম্ভব যথাযথ অনুযায়ী, জাহাজের ক্যাপ্টেনদের এধরণের স্থানান্তরে সম্পৃক্ত হওয়ার আগে জাহাজটির নাম, IMO নম্বর, এবং জাতীয়তা (ফ্ল্যাগ) যাচাই করা উচিত এবং জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তরে বৈধ ব্যবসায়িক উদ্দেশ্য আছে কিনা তা নিশ্চিত করা।

- যেসব ব্যক্তি উত্তর কোরিয়ার সমর্থনে এবং অবৈধ শিপিং কর্মকাণ্ড, কালো টাকা সাদা করা, সাইবার অপরাধ, এবং WMD বিস্তার সহ নিষেধাজ্ঞা এড়ানোর কোনো সুনির্দিষ্ট কর্মকাণ্ডে লিপ্ত হয়, এমন কোনো তথ্য যদি প্রদান করা হয় যার ফলে সেসব ব্যক্তির আর্থিক ক্রিয়াকলাপে ব্যাঘাত ঘটবে, সেজন্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ন্যায়বিচারের জন্য পুরস্কার (রিওয়ার্ডস্ ফর জাস্টিস, RFJ) কর্মসূচি 5 মিলিয়ন ডলার পর্যন্ত পুরস্কার ঘোষণা করেছে, এই তথ্য ছড়িয়ে দেয়া। আরো তথ্যের জন্য, অথবা কোনো পরামর্শ জমা দিতে, www.rewardsforjustice.net ভিজিট করুন অথবা ইমেইল করুন northkorea@dosinfo.com ঠিকানায়।

- এছাড়াও, IRGC-কুদস্ ফোর্স বা কুর্দি বাহিনী (IRGC-QF) সহ, ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস্ (IRGC) এবং এটার শাখাসমূহের আর্থিক ক্রিয়াকলাপে বিঘ্ন সৃষ্টি করা যায় এমন তথ্যের জন্য RFJ কর্মসূচি 15 মিলিয়ন ডলার পর্যন্ত ঘোষণা করেছে এই তথ্য ছড়িয়ে দেয়া। আরও তথ্যের জন্য, অথবা কোনো মতামত জমা দিতে, https://rewardsforjustice.net/english/irgc.html ভিজিট করুন।

## নাবিক সরবরাহকারী কম্পানিগুলোর জন্য পথনির্দেশনা

নাবিক সরবরাহকারী কম্পানিগুলো নিষেধাজ্ঞার ঝুঁকি মূল্যায়ন ও প্রশমন করতে উল্লিখিত নিরীক্ষণমূলক পূর্ববর্তী পদক্ষেপের চর্চাগুলো যতটুকু যথাযথ ও সহায়ক মনে করে সেই অনুযায়ী বাস্তবায়ন করা বিবেচনা করতে পারে।

- অবৈধ শিপিং এবং কেন এই চর্চাগুলো অনিরাপদ এই বিষয়ে IMO প্রচারিত পথনির্দেশনা সম্পর্কে সচেতন হওয়া, এবং আপনার নাবিক সদস্যগণ সচেতন আছেন তা নিশ্চিত হওয়া।

- যে জাহাজটিতে আপনার নাবিকগণ পরিচালনা করবে সেটি AIS নিষ্ক্রিয়করণ এবং পরিবর্তনকরণ পর্যবেক্ষণ করা হবে, এবং এই ধরণের ঘটনার তদন্ত করা হবে, এটি মক্কেলদের অবহিত করা।

- আপনার প্রত্যাশিত জাহাজের AIS ইতিহাস নিরীক্ষা করার মাধ্যমে জাহাজ পূর্বে কোনো অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত হয়েছে কিনা তা নির্ধারণ করা।

- যেসব কর্মচারী অবৈধ বা নিষেধাজ্ঞামূলক আচরণ উন্মোচন করে তাদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ থেকে নিরাপত্তা নিশ্চিত করা, এবং সন্দেহজনক বা বাস্তব অবৈধ বা নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ড রিপোর্ট করার জন্য একটি গোপনীয় পন্থা আছে তা নিশ্চিত করা।

- যেসব ব্যক্তি উত্তর কোরিয়ার সমর্থনে এবং অবৈধ শিপিং কর্মকাণ্ড, কালো টাকা সাদা করা, সাইবার অপরাধ, এবং WMD বিস্তার সহ নিষেধাজ্ঞা এড়ানোর কোনো সুনির্দিষ্ট কর্মকাণ্ডে লিপ্ত হয়, এমন কোনো তথ্য যদি প্রদান করা হয় যার ফলে সেসব ব্যক্তির আর্থিক ক্রিয়াকলাপে ব্যাঘাত ঘটবে, সেজন্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ন্যায়বিচারের জন্য পুরস্কার (রিওয়ার্ডস্ ফর জাস্টিস, RFJ) কর্মসূচি 5 মিলিয়ন ডলার পর্যন্ত পুরস্কার ঘোষণা করেছে, এই তথ্য ছড়িয়ে দেয়া। আরো তথ্যের জন্য, অথবা কোনো পরামর্শ জমা দিতে, www.rewardsforjustice.net ভিজিট করুন অথবা ইমেইল করুন northkorea@dosinfo.com ঠিকানায়।

- এছাড়াও, IRGC-কুদস্ ফোর্স বা কুর্দি বাহিনী (IRGC-QF) সহ, ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস্ (IRGC) এবং এটার শাখাসমূহের আর্থিক ক্রিয়াকলাপে বিঘ্ন সৃষ্টি করা যায় এমন তথ্যের জন্য RFJ কর্মসূচি 15 মিলিয়ন ডলার পর্যন্ত ঘোষণা করেছে এই তথ্য ছড়িয়ে দেয়া। আরও তথ্যের জন্য, অথবা কোনো মতামত জমা দিতে, https://rewardsforjustice.net/english/irgc.html ভিজিট করুন।

**ডিপার্টমেন্ট অভ দ্যা ট্রেজারি** **ডিপার্টমেন্ট অভ স্টেট** **ইউনাইটেড স্টেটস্ কোস্ট গার্ড**

## সংযোজন B: সামুদ্রিক শিল্পখাতের সাথে সম্পর্কিত উত্তর কোরিয়া-, ইরান-, এবং সিরিয়া-সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা বা স্যাংশনসমূহ[8]

### উত্তর কোরিয়া

*এই অনুচ্ছেদ সামুদ্রিক শিল্পখাতের সাথে সম্পর্কিত উত্তর কোরিয়া-সংশ্লিষ্ট ইউ.এস. এবং ইউ.এন.-এর নিষেধাজ্ঞা বা স্যাংশনসমূহ সম্পর্কে তথ্য প্রদান করে, এতে অন্তর্ভুক্ত পুঙ্খানুপুঙ্খ নয় এমন একটি ভিত্তির তালিকা যেগুলোর কারণে কোনো ব্যক্তি ইউ.এস. সরকার দ্বারা নিষেধাজ্ঞা বা স্যাংশনের মুখোমুখি হতে পারে। এছাড়াও এটা উত্তর কোরিয়ার প্রতারণামূলক শিপিং চর্চাসমূহ সম্পর্কে সম্পূরক তথ্য প্রদান করে। এই বিশ্বব্যাপী সামুদ্রিক উপদেশকের সাথে অন্য নথিগুলো একত্রিত করে, ইউ.এস. ডিপার্টমেন্ট অভ ট্রেজারির বৈদেশিক সম্পদ নিয়ন্ত্রণ দপ্তর (অফিস অভ ফরেন অ্যাসেটস্ কন্ট্রোল, OFAC) কর্তৃক 23 ফেব্রুয়ারি, 2018, এবং 21 মার্চ, 2019 তারিখ ইস্যুকৃত উত্তর কোরিয়া সংক্রান্ত শিপিং উপদেশকগুলো এই সংযোজন হালনাগাদ ও বর্ধিত করে। এই উপদেশকের তারিখ পর্যন্ত এই তথ্য সর্বসাম্প্রতিক; কিন্তু উত্তর কোরিয়া সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য সকল পক্ষের নিয়মিত OFAC-এর ওয়েবসাইট দেখা উচিত।[9] পরবর্তী একটি তারিখে, OFAC হয়ত এই উপদেশকের প্রবর্ধিত হালনাগাদ জারী করতে পারে, এতে অন্তর্ভুক্ত জাহাজের তালিকা যেটা পূর্ববর্তী শিপিং উপদেশকে উল্লিখিত হয়েছে। OFAC নিষিদ্ধ বা ব্লকড় সম্পত্তি হিসেবে শনাক্তকৃত জাহাজসমূহের পাশাপাশি নিষেধাজ্ঞা প্রাপ্ত ব্যক্তিদের একটি বিস্তারিত, একত্রীকরণ করা, এবং খোঁজা যায় এমন একটি তালিকা, যা বিশেষভাবে চিহ্নিত নাগরিক ও ব্যক্তিদের তালিকা (লিস্ট অফ স্পেশালি ডেজিকনেটেড ন্যাশনালস্ অ্যান্ড পার্সনস্, SDN লিস্ট বা তালিকা)-এ বজায় রাখে।[10]*

### উত্তর কোরিয়া সংশ্লিষ্ট কর্মকাণ্ডে ইউ.এস. সরকার এবং ইউ.এন.-এর নিষিদ্ধকরণ

উত্তর কোরিয়ার সরকার বা ওয়ার্কার্স পার্টি অফ কোরিয়ার কোনো সম্পত্তি বা স্বার্থ আছে এমন কোনো সম্পত্তির সাথে লেনদেন অথবা প্রায় সকল পণ্য, পরিষেবা, ও প্রযুক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উত্তর কোরিয়ায় রপ্তানি বা সেখান থেকে আমদানি যুক্তরাষ্ট্র সাধারণত নিষিদ্ধ করেছে। কোনো বৈদেশিক ব্যক্তির স্বার্থ আছে এমন সব জাহাজ যেগুলো বিগত 180 দিনে উত্তর কোরিয়ার বন্দরে নোঙ্গর করেছে, এবং কোনো বৈদেশিক ব্যক্তির স্বার্থ আছে এমন

18 এই নথিটি শুধুমাত্র ব্যাখ্যামূলক এবং আইন দ্বারা বলবৎকৃত নয়। এই নথি সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ, নির্বাহী আদেশ, অথবা প্রবিধানের সম্পূরক অথবা পরিবর্তন করে না।

19 OFAC, "North Korea Sanctions (উত্তর কোরিয়ার উপর নিষেধাজ্ঞাসমূহ)," https://www.treasury.gov/resource-center/sanctions/Programs/pages/nkorea.aspx.

20 OFAC, "List of Specially Designated Nationals and Blocked Persons (SDN List) (বিশেষভাবে চিহ্নিত নাগরিক ও নিষিদ্ধ ব্যক্তিদের তালিকা (SDN তালিকা))," https://www.treasury.gov/resource-center/sanctions/sdn-list/pages/default.aspx.

সব জাহাজ যেগুলো ঐ জাহাজগুলোর সাথে বিগত 180 দিনে জাহাজ-থেকে-জাহাজে (শিপ-টু-শিপ, STS) স্থানান্তর করেছে, সেই জাহাজগুলোর সবগুলোর যুক্তরাষ্ট্রের বন্দরে নোঙ্গর করা নিষিদ্ধ। যুক্তরাষ্ট্রের নাগরিকরাদেরও উত্তর কোরিয়ায় একটি জাহাজ নিবন্ধন করা, জাহাজে উত্তর কোরিয়ার পতাকা উত্তোলন করার জন্য অনুমোদন লাভ করা, এবং উত্তর কোরিয়ার পতাকা উত্তোলিত কোনো জাহাজের মালিকানা, ভাড়া করা, পরিচালনা করা, এবং বীমা প্রদান করা নিষিদ্ধ।

সংশ্লিষ্ট ইউ.এন. নিরাপত্তা পরিষদের প্রস্তাবসমূহ (UNSCRs) অন্য অনেক কিছুর পাশাপাশি সদস্য দেশগুলোকে উল্লিখিতগুলো নিষিদ্ধ করা আবশ্যক করেছে, উত্তর কোরিয়ার জাতীয়তা বা পতাকা বহন করা কোনো জাহাজের অধিকারী হওয়া, ভাড়া করা, পরিচালনা করা, বা জাহাজের শ্রেণীবিভাগ করা, সনদ দেয়া বা সে সম্পর্কিত পরিষেবা দেয়া ও বিমা প্রদান করা; কোনো সদস্য দেশের বিশ্বাস করার মত যুক্তিসঙ্গত কারণ রয়েছে যে UNSCRs-এর সাথে সম্পর্কিত নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত হয়েছে এমন কোনো জাহাজকে শ্রেণীবিভাগ প্রদান করা; এবং উত্তর কোরিয়ার মালিকানাধীন, নিয়ন্ত্রিত, বা পরিচালিত জাহাজসমূহে অথবা কোনো সদস্য দেশের বিশ্বাস করার মত যুক্তিসঙ্গত কারণ রয়েছে যে UNSCRs-এর সাথে সম্পর্কিত নিষেধাজ্ঞামূলক কর্মকাণ্ডে কোনকিছু পরিবহনে সম্পৃক্ত হয়েছে এমন কোনো জাহাজে বিমা অথবা পুনঃবিমা পরিষেবা প্রদান করা।[11] অতিরিক্তভাবে, সদস্য দেশগুলোর উত্তর কোরিয়ার জাহাজসমূহ নিষিদ্ধ সামগ্রী বহন করছে তা বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ প্রদানকারী এমন কোনো তথ্য তাদের কাছে যদি থেকে থাকে তাহলে, ঐ জাহাজগুলোকে বাংকারিং (ইঞ্জিনের তেল ভরা) অথবা অন্যান্য পরিষেবা প্রদান নিষিদ্ধ করা বাধ্যতামূলক। কোনো জাহাজকে ইউ.এন. নিরাপত্তা পরিষদ (UNSC) বন্দরে প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে অথবা কোনো জাহাজ UNSC দ্বারা চিহ্নিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের মালিকানাধীন, নিয়ন্ত্রিত, বা পরিচালিত তা বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ প্রদানকারী এমন কোনো তথ্য যদি কোনো সদস্য দেশের কাছে থেকে থাকে তাহলে সেগুলোকেও UNSCRs বন্দরে প্রবেশ নিষিদ্ধ করেছে, সীমিত ব্যাতিক্রম হতে পারে।

অব্যাহতি অথবা অনুমোদন ছাড়া উত্তর কোরিয়া থেকে যুক্তরাষ্ট্রে পণ্য আমদানি করা যুক্তরাষ্ট্র সরকার নিষিদ্ধ করেছে। ইতোমধ্যে, UNSCRs সদস্য দেশগুলোকে ব্যাপক পরিধির পণ্যসামগ্রী উত্তর কোরিয়া থেকে **আমদানি** করা নিষিদ্ধ করেছে, এতে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত:

- কয়লা
- বস্ত্র
- সামুদ্রিক খাবার, এতে অন্তর্ভুক্ত মাছ ধরার অধিকার
- লোহা এবং লোহার আকরিক
- সীসা এবং সীসার আকরিক
- তামা
- নিকেল
- রূপা
- টাইটানিয়ামের আকরিক
- দুর্লভ ভূ-ধাতু
- ভ্যানাডিয়াম আকরিক
- ভাস্কর্য এবং স্মৃতিস্তম্ভ
- খাবার এবং কৃষি পণ্যসামগ্রী
- দস্তা
- স্বর্ণ
- যন্ত্রপাতি
- বৈদ্যুতিক সরঞ্জাম
- মৃত্তিকা এবং পাথর, এতে অন্তর্ভুক্ত ম্যাগনেসিয়া ও ম্যাগনেসাইট
- কাঠ
- প্রচলিত অস্ত্র
- জাহাজ

[11] UNSCRs-এ অন্তর্ভুক্ত চুক্তিবদ্ধ নিষেধাজ্ঞামূলক পদক্ষেপগুলো বাস্তবায়ন করা সকল ইউ.এন. সদস্য দেশের জন্য একটি নৈতিক বা আইনগত বাধ্যবাধকতা। উত্তর কোরিয়া সংশ্লিষ্ট UNSCRs পাওয়া যাবে 1718 নিষেধাজ্ঞা বা স্যাংশনস্ কমিটির ওয়েবসাইটে https://www.un.org/securitycouncil/sanctions/1718 ।

প্রযোজ্য অব্যাহতি অথবা অনুমোদন ছাড়া, কোনো ইউ.এস. নাগরিক দ্বারা যুক্তরাষ্ট্র থেকে উত্তর কোরিয়ায় পণ্য রপ্তানি বা পুনঃরপ্তানি করা যুক্তরাষ্ট্র সরকার নিষিদ্ধ করেছে, তা সে যেখানেই অবস্থিত হোক না কেন। সংশ্লিষ্ট UNSCRs সদস্য দেশগুলোকে ব্যাপক পরিধির পণ্যসামগ্রী উত্তর কোরিয়াতে রপ্তানি করা নিষিদ্ধ করেছে, এতে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত:

- পরিশোধিত পেট্রোলিয়াম* (500,000 ব্যারেল/বছর -এর বেশি)
- অপরিশোধিত তেল* (40,00,000 ব্যারেল/বছর -এর বেশি)
- বিমানের জ্বালানি (এর ব্যাতিক্রম, বেসরকারি বিমানের উত্তর কোরিয়া থেকে গন্তব্যে যাওয়া ও আসার জন্য প্রয়োজনীয় জ্বালানি)
- রকেটের জ্বালানি
- ঘন করা এবং প্রাকৃতিক তরল গ্যাস
- শিল্পজাত যন্ত্রপাতি
- সকল পরিবহন যান (এতে অন্তর্ভুক্ত মোটর গাড়ি, ট্রাক, ট্রেন, জাহাজ, বিমান, হেলিকপ্টার)
- জাহাজ
- লোহা, ইস্পাত, এবং অন্যান্য ধাতু
- গতানুগতিক অস্ত্র
- ক্ষেপণাস্ত্র মিসাইল
- গণবিধ্বংসী মারণাস্ত্র এবং এর বিভিন্ন অংশ
- বিলাসবহুল পণ্যসামগ্রী

**UNSC দ্বারা ধার্যকৃত স্থানান্তরের বার্ষিক নিম্নসীমা অনুমোদিত কিন্তু এটা অবশ্যই: (a) UNSCR 1718 (1718 কমিটি) অনুযায়ী প্রতিষ্ঠিত নিষেধাজ্ঞা বা স্যাংশনস্ কমিটিকে 30 দিনের মধ্যে রিপোর্ট করতে হবে; (b) উত্তর কোরিয়ার পারমানবিক অথবা ক্ষেপণাস্ত্র মিসাইল কর্মসূচি অথবা অন্য UNSC দ্বারা নিষিদ্ধ কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে জড়িত না হওয়া; এবং (c) সুনির্দিষ্টভাবে উত্তর কোরিয়ার নাগরিকদের জীবনযাত্রার উদ্দেশ্যে হতে হবে এবং উত্তর কোরিয়ার পারমানবিক বা ক্ষেপণাস্ত্র মিসাইল কর্মসূচি বা অন্য UNSC দ্বারা নিষিদ্ধকৃত কর্মকাণ্ডগুলোর জন্য আয় করার জন্য নয়। যদি এই তিনটি শর্ত পূরণ করা না হয়, তাহলে অনুমোদিত বার্ষিক নিম্নসীমার লেনদেন UNSCR 2397 লঙ্ঘন করেছে।*

UNSC পদক্ষেপসমূহ জাতিসংঘের সদস্য দেশগুলো দ্বারা বাস্তবায়িত হবে:

*উন্মুক্ত বা আন্তর্জাতিক সমুদ্রে কার্য-পদক্ষেপসমূহ:*

- জাহাজটি নিষিদ্ধ কার্গো বহন করছে তা বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ প্রদানকারী এমন কোনো তথ্য যদি সদস্য রাষ্ট্রের কাছে থেকে থাকে ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্রের অনুমতিক্রমে তদন্তকারী সদস্য রাষ্ট্র জাহাজটি তদন্ত করবে **(বিবেচনামূলক)**।
- ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্রের এই ধরণের তদন্তের সাথে সহযোগিতা করতে হবে (**বিবেচনামূলক**)।
- যদি ফ্ল্যাগ স্টেট জাহাজটিকে তদন্ত করার অনুমতি না দেয়, তাহলে স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা আবশ্যক তদন্ত করার জন্য ফ্ল্যাগ স্টেট সন্দেহভাজন জাহাজটিকে যথাযথ এবং সুবিধাজনক বন্দরে অগ্রসর হতে নির্দেশ করবে (**বাধ্যতামূলক**)।

*রাষ্ট্রাধীন সমুদ্র অথবা বন্দরের অভ্যন্তরে কার্য-পদক্ষেপসমূহ:*

- কোনো জাহাজ নিষিদ্ধ সামগ্রী পরিবহন করছে অথবা উত্তর কোরিয়ার সাথে নিষিদ্ধ কর্মকাণ্ডে জড়িত হয়েছে বলে সদস্য দেশের যদি তা বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ থাকে তাহলে সদস্য দেশের একটি বন্দরে জাহাজটি বাজেয়াপ্ত, তদন্ত, এবং ফ্রিজ (অবরুদ্ধ) করবে (**বাধ্যতামূলক**)।
- কোনো জাহাজ নিষিদ্ধ সামগ্রী পরিবহন করছে অথবা উত্তর কোরিয়ার সাথে নিষিদ্ধ কর্মকাণ্ডে জড়িত হয়েছে বলে যদি সদস্য দেশের তা বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ থাকে তাহলে সদস্য দেশের আইনী এক্তিয়ারের রাষ্ট্রাধীন পানিতে জাহাজটি বাজেয়াপ্ত, তদন্ত, এবং ফ্রিজ (অবরুদ্ধ) করবে (**বিবেচনামূলক**)।
- যে কার্গো উত্তর কোরিয়ায় আসছে বা যাচ্ছে যেটা উত্তর কোরিয়া বা চিহ্নিত ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা দালালী (ব্রোকারড়্) বা সহজতর করা হয়েছে অথবা উত্তর কোরিয়ার জাতীয়তার (ফ্ল্যাগড়্) জাহাজে পরিবাহিত হয়েছে সেটা সদস্য রাষ্ট্র তদন্ত করবে (**বাধ্যতামূলক**)।

*উন্মুক্ত বা আন্তর্জাতিক সমুদ্রে অথবা রাষ্ট্রাধীন পানি/বন্দরে কার্য-পদক্ষেপসমূহ:*

- সংশ্লিষ্ট UNSCRs দ্বারা নিষিদ্ধ করা বিক্রয়, স্থানান্তর, অথবা রপ্তানি করা সরবরাহ সামগ্রী, যেগুলো তদন্তে আবিষ্কৃত হয়েছে, সেগুলো সদস্য রাষ্ট্র বাজেয়াপ্ত ও বিনষ্ট বা অধিগ্রহণ করবে (**বাধ্যতামূলক**)।

*ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্রের নিবন্ধন এবং অন্যান্য দায়দায়িত্ব:*

- কোনো জাহাজ যেটা সংশ্লিষ্ট UNSCRs দ্বারা নিষিদ্ধকৃত পণ্যসামগ্রী পরিবহন বা নিষিদ্ধ কর্মকাণ্ডে জড়িত হয়েছে বলে যদি ফ্ল্যাগ স্টেটের তা বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ থেকে থাকে তাহলে ফ্ল্যাগ স্টেট নিবন্ধন বাতিল এবং শ্রেণীবিভাগ পরিষেবা নিষিদ্ধ করতে পারে এবং উত্তর কোরিয়া সংশ্লিষ্ট UNSCRs অনুসারে উত্তর কোরিয়ার মালিকানাধীন, পরিচালিত, অথবা নিয়ন্ত্রিত যেকোনো জাহাজের নিবন্ধন বাতিল করার পাশাপাশি অন্য সদস্য রাষ্ট্র বা ফ্ল্যাগ রেজিস্ট্রি দ্বারা জাহাজের নিবন্ধন করতে অস্বীকৃতি জানাবে (**বাধ্যতামূলক**)।
- যদি কোনো জাহাজ 1718 কমিটি দ্বারা নিবন্ধন বাতিলের জন্য চিহ্নিত হয়ে থাকে, ফ্ল্যাগ স্টেট তাৎক্ষণিকভাবে সেটার নিবন্ধন বাতিল করবে (**বাধ্যতামূলক**)। থাকে

## যুক্তরাষ্ট্র সরকারের নিষেধাজ্ঞা বা স্যাংশন কর্তৃপক্ষ সমূহ

এই উপদেশকের উদ্দেশ্যের সাথে সম্পর্কিত, ইউ.এস. আইন আবশ্যকৃত করে যে ইউ.এস. সরকার যেকোনো ব্যক্তির উপর নিষেধাজ্ঞা জারি করার সিদ্ধান্ত নেবে, যে স্বজ্ঞাতে, প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে:

- উত্তর কোরিয়া সংশ্লিষ্ট একটি কার্যনির্বাহী আদেশ (E.O.)[12] অথবা UNSCR[13]-এর, অধীনে চিহ্নিত অথবা উত্তর কোরিয়া সংশ্লিষ্ট একটি E.O. বা UNSCR-এর অধীনে চিহ্নিত কোনো ব্যক্তির মালিকানাধীন বা নিয়ন্ত্রিত কোনো জাহাজ বা বিমানে উল্লেখযোগ্য পরিমাণ জ্বালানি বা রসদ সরবরাহ করে, বাংকারিং সার্ভিস (জাহাজের জ্বালানি তেল ভরার ব্যবস্থা) প্রদান করে, পরিচালনা বা রক্ষণাবেক্ষণ করার জন্য একটি উল্লেখযোগ্য লেনদেন বা লেনদেনসমূহের ব্যবস্থা করে দেয়।
- উত্তর কোরিয়ার সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রিত কোনো জাহাজের জন্য বিমা, নিবন্ধন, নিবন্ধনের ব্যবস্থা করা, অথবা বিমা বা একটি নিবন্ধন বজায় রাখা।

[22] উত্তর কোরিয়া সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা বা স্যাংশনের E.O.-গুলোতে অন্তর্ভুক্ত E.O. 13382, 13466, 13551, 13570, 13687, 13722, এবং 13810 ।

[23] সংশ্লিষ্ট UNSCR-গুলোতে অন্তর্ভুক্ত 1695 (2006), 1718 (2006), 1874 (2009), 2087 (2013), 2094 (2013), 2270 (2016), 2321 (2016), 2356 (2017), 2375 (2017), এবং 2397 (2017) ।

- UNSC দ্বারা সুনির্দিষ্টভাবে অনুমোদন ছাড়া, উত্তর কোরিয়ার কাছে উল্লেখযোগ্য পরিমাণ জাহাজ বিক্রয় বা স্থানান্তর করা।
- উত্তর কোরিয়ার কোনো ব্যক্তির মালিকানাধীন, নিয়ন্ত্রিত, পরিচালিত, বা নাবিক সরবরাহকৃত জাহাজ চার্টার বা ভাড়া করা, বিমা, নিবন্ধন, নিবন্ধনে সহায়তা, অথবা বিমা বা নিবন্ধন বজায় রাখার কর্মকাণ্ডে উল্লেখযোগ্যভাবে সম্পৃক্ত হওয়া।
- UNSC দ্বারা ধার্যকৃত সীমা, যেটায় যুক্তরাষ্ট্র একমত পোষণ করে, সেই সীমার চেয়ে উল্লেখযোগ্য পরিমাণ বেশি কয়লা, বস্ত্র, সামুদ্রিক খাবার, লোহা, লোহার আকরিক, বা পরিশোধিত পেট্রোলিয়াম সামগ্রী অথবা অশোধিত (ক্রুড) তেল উত্তর কোরিয়া থেকে আমদানি বা সেখানে রপ্তানিতে সম্পৃক্ত হলে।
- উত্তর কোরিয়া থেকে বিলাসবহুল পণ্যসামগ্রী আমদানী, অথবা সেখানে বা সেদেশের অভ্যন্তরে রপ্তানি বা পুনঃরপ্তানিতে সম্পৃক্ত হলে।

উত্তর কোরিয়ার সংক্রান্ত বিষয়ে উত্তর কোরিয়া সংশ্লিষ্ট E.O.s, UNSCRs, অথবা উত্তর কোরিয়া নিষেধাজ্ঞা বা স্যাংশন ও নীতি উন্নিতকরণ আইন, যেভাবে সংশোধিত হয়েছে, সেই অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের কারণে চিহ্নিত কোনো ব্যক্তিকে কোনো আর্থিক প্রতিষ্ঠান স্বজ্ঞাতে, 18 এপ্রিল, 2020-এর পর, উল্লেখযোগ্য আর্থিক পরিষেবা প্রদান করেছে এই মর্মে সেক্রেটারি অফ ট্রেজারী সিদ্ধান্ত গ্রহণ করলে, সেক্রেটারি অফ স্টেট (পররাষ্ট্র সচিব)-এর সাথে আলোচনা সাপেক্ষে, যুক্তরাষ্ট্রে আইন যুক্তরাষ্ট্রের সরকারকে সেটার উপর নিষেধাজ্ঞা বা স্যাংশন জারি করা বাধ্যতামূলক করেছে। এই নিষেধাজ্ঞায় অন্তর্ভুক্ত হতে পারে সম্পত্তি বাজেয়াপ্ত অথবা যোগাযোগ বা অ্যাকাউন্টের মাধ্যমে প্রদেয় সীমিতকরণ।

অন্যগুলোর মধ্যে, যুক্তরাষ্ট্রের সরকার আগ্রাসীভাবে সেসব ব্যক্তিকে চিহ্নিত করে যে উত্তর কোরিয়ায় অন্তত একবার উল্লেখযোগ্য পরিমাণ পণ্য সামগ্রী, পরিষেবা বা প্রযুক্তি রপ্তানি করেছে অথবা সেখান থেকে আমদানি করেছে, এর পাশাপাশি সেসব ব্যক্তি যারা উত্তর কোরিয়ার সুনির্দিষ্ট কিছু শিল্প, এতে অন্তর্ভুক্ত পরিবহন, খনিজ, জ্বালানি, এবং আর্থিক পরিষেবা পরিচালনা করে।

## UN নিষেধাজ্ঞা বা স্যাংশনস্ বিষয়ক কর্তৃপক্ষ সমূহ

কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উত্তর কোরিয়ার পারমানবিক-বিষয়ক, অন্য গণবিধ্বংসী মারণাস্ত্র-বিষয়ক বা ওয়েপনস্ অভ ম্যাস ডেস্ট্রাকশন, এবং ক্ষেপণাস্ত্র মিসাইল-বিষয়ক কর্মসূচিসমূহে সম্পৃক্ত হয় বা সহায়তা প্রদান করে, এতে অন্তর্ভুক্ত বিভিন্ন অবৈধ পন্থা, অথবা অন্যান্য নির্দিষ্ট UNSCR-নিষিদ্ধ কর্মকাণ্ডে লিপ্ত হয়, তাদেরকে UNSC অথবা 1718 কমিটি নির্দিষ্ট নিষেধাজ্ঞার জন্য (সম্পত্তি বাজেয়াপ্ত এবং, একক ব্যক্তির ক্ষেত্রে, ভ্রমণ নিষিদ্ধ) চিহ্নিত করতে পারে।

1718 কমিটি সেসব জাহাজকেও চিহ্নিত করতে পারে যেগুলোর সম্পর্কে সংশ্লিষ্ট UNSCRs দ্বারা নিষিদ্ধ কর্মকাণ্ডে বর্তমানে লিপ্ত, হয়েছে, অথবা হয়েছিল এই মর্মে তথ্য রয়েছে। উদাহরণস্বরূপ, 1718 কমিটি, UNSCR 2321 (2016)-এর অনুচ্ছেদ 12 দ্বারা অনুমোদিত, কোনো জাহাজকে সুনির্দিষ্ট নিষিদ্ধকারী কর্মকাণ্ডের লিপ্ত হবার জন্য চিহ্নিত করতে পারে, যার ফলে সদস্য রাষ্ট্রকে নিম্নলিখিত কোনো অথবা সবগুলো ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক করে: (a) ফ্ল্যাগ বা জাতীয়তা বাতিল, (b) তদন্ত ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্ধারিত বন্দরে যেতে নির্দেশ প্রদান, (c) একটি বিশ্বব্যাপী বন্দরে প্রবেশ নিষিদ্ধকরণ, এবং/অথবা (d) সম্পত্তি বাজেয়াপ্তকরণ।

অতিরিক্তভাবে, যখন সদস্য রাষ্ট্র উন্মুক্ত বা রাষ্ট্রাধীন নয় এমন সমুদ্রে অবস্থিত কোনো জাহাজ সম্পর্কে এমন তথ্য রয়েছে, যা সংশ্লিষ্ট UNSCRs দ্বারা সরবরাহ, বিক্রয়, স্থানান্তর, বা রপ্তানি নিষিদ্ধ করা হয়েছে এমন আইটেম কার্গোতে রয়েছে, এটা বিশ্বাস করার যথেষ্ট কারণ রয়েছে, এবং জাহাজটি বা ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্র সহযোগিতা

করছে না, তখন 1718 কমিটি বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করতে পারে। যদি ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্র উন্মুক্ত বা রাষ্ট্রাধীন নয় এমন সমুদ্রে জাহাজটিকে তদন্ত করার অনুমোদন কিংবা কোনো যথাযথ ও সহজতর বন্দরে বাধ্যতামূলক তদন্তে অগ্রসর হবার নির্দেশ না দেয়, অথবা যদি উদ্দিষ্ট জাহাজ উন্মুক্ত সমুদ্রে তদন্ত করতে দিতে অথবা ঐ ধরণের কোনো বন্দরে যেতে ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্রের নির্দেশ মানতে অস্বীকৃতি জানায়, তাহলে 1718 কমিটি জাহাজটিকে সম্পত্তি বাজেয়াপ্তের জন্য চিহ্নিত এবং UNSCR 2321 এর অনুচ্ছেদ 12-এ অনুমোদিত অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে পারে। উপরন্তু, যখন 1718 কমিটি চিহ্নিতকরণ করে, সংশ্লিষ্ট ফ্ল্যাগ স্টেট বা জাতীয়তার রাষ্ট্রের অবশ্যই তাৎক্ষণিকভাবে ঐ জাহাজটির রেজিস্টার বাতিল করতে হবে। যেকোনো দেশ যখন উন্মুক্ত সাগরে অবস্থিত অবৈধ কার্গো বহনকারী জাহাজের ফ্ল্যাগ স্টেট বা রাষ্ট্র থেকে সহযোগিতা না পায়, তখন তাৎক্ষণিকভাবে 1718 কমিটির কাছে ঘটনার সাথে সম্পর্কিত বিবরণ সহ, জাহাজ, এবং ফ্ল্যাগ স্টেট সম্পর্কে একটি প্রতিবেদন জমা দেবে, যা 1718 কমিটি তাদের ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করবে।

**প্রতারণামূলক চর্চা সমূহ**

কয়লা ও বালি রপ্তানি:


*কয়লা:* 2020 UN DPRK বিশেষজ্ঞদের প্যানেলের চূড়ান্ত প্রতিবেদ (PoE রিপোর্ট) অনুযায়ী, উত্তর কোরিয়া 2019-এর জানুয়ারি থেকে অগাস্টের মাঝে 3.7 মিলিয়ন মেট্রিক টন কয়লা রপ্তানি করেছে, মূলত নিংবো-জ্যোওশান (Ningbo-Zhoushan) বন্দর ও এর পার্শ্ববর্তী এলাকা থেকে। এই বেশীরভাগ রপ্তানি হয়েছে চায়নার রাষ্ট্রাধীন সমুদ্রে উত্তর কোরিয়ার ফ্ল্যাগড্ বা জাতীয়তার জাহাজ থেকে স্থানীয় বার্জে STS স্থানান্তরের মাধ্যমে। নিজস্ব-চালিত বার্জগুলো, খুব সম্ভবত চীন-এ সরবরাহ করছে, যা উত্তর কোরিয়ার কয়লা রপ্তানির দ্বিতীয় বৃহৎ পন্থা। এতে অন্তর্ভুক্ত চীন-এর হাংঝ্যু (Hangzhou) উপসাগরে অবস্থিত তিনটি বন্দরে উত্তর কোরিয়া থেকে আসা সরাসরি সরবরাহ।

*বালি:* অন্তত 2019 এপ্রিল থেকে, চীন-এ রপ্তানির জন্য, উত্তর কোরিয়ার নয় এমন নিজস্ব-চালিত বার্জ এবং অন্যান্য উত্তর কোরিয়ার নয় এমন কার্গো জাহাজগুলো হ্যেইজু (Haeju) (হুয়াংহে/Hwanghae প্রদেশ), এবং সিনচ্যাং (Sinchang) (দক্ষিণ হ্যামগিয়ং/Hamgyong প্রদেশ) ও পার্শ্ববর্তী এলাকা থেকে বালি ভরছে।

পরিশোধিত পেট্রোলিয়াম আমদানি:

UNSCR 2397 প্রতি ক্যালেন্ডার বছরে উত্তর কোরিয়ায় সর্বোচ্চ 500,000 ব্যারেল পরিশোধিত পেট্রোলিয়াম আমদানি ধার্য করেছে। 2019 জানুয়ারি থেকে 2019 অক্টোবর পর্যন্ত, উত্তর কোরিয়ার বন্দরগুলো অন্তত 221 ট্যাঙ্কার পরিশোধিত পেট্রোলিয়াম গ্রহণ করেছে, এতে অন্তর্ভুক্ত উত্তর কোরিয়ার জাহাজ দ্বারা অবৈধ STS স্থানান্তরের মাধ্যমে অন্তত 157-টি ডেলিভারি। যদি এই ট্যাঙ্কারগুলো সেগুলোর ডেলিভারির সময় পরিপূর্ণ অবস্থায় থেকে থাকে, তাহলে উত্তর কোরিয়া শুধু এই লেনদেনগুলো থেকেই 3.89 মিলিয়ন ব্যারেল আমদানি করেছে, অথবা UNSCR 2397-এর অধীনে পরিশোধিত পেট্রোলিয়ামের অনুমোদিত পরিমাণের সাড়ে সাত গুণের চেয়ে বেশি করেছে।

**উত্তর কোরিয়ার জাহাজ-থেকে-জাহাজে স্থানান্তরের ক্ষেত্র সমূহ:**




পুরোনো জাহাজ সংগ্রহ:

2020 UN DPRK বিশেষজ্ঞদের প্যানেলের চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী, যেসব জাহাজ ভেঙ্গে ফেলার জন্য নির্ধারিত হয়েছে উত্তর কোরিয়া সেগুলো সংগ্রহ করছে এবং সেগুলোকে কয়লা ও অন্যান্য পণ্যসামগ্রী পরিবহনের জন্য জাহাজের বহরে সংযুক্ত করছে।

সমুদ্রগামী নয় এমন বার্জসমূহ ব্যবহার:

2020 UN DPRK বিশেষজ্ঞদের প্যানেলের চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী, উত্তর কোরিয়া মাঝে মাঝে সমুদ্রগামী নয় এমন বার্জসমূহ, যেগুলো AIS সংকেত সম্প্রচার করে না, সেগুলো ব্যবহার করে অবৈধভাবে উত্তর কোরিয়া থেকে উৎপন্ন পণ্য চীন-এ পরিবহন করে। এই বার্জগুলো উন্মুক্ত বা রাষ্ট্রাধীন নয় এমন সমুদ্রে চালনার জন্য নিরাপদ নাও হতে পারে।

অতিরিক্ত জ্ঞাত নিষেধাজ্ঞা এড়ানোর কৌশলসমূহের বিস্তারিত বিবরণের জন্য, অনুগ্রহ করে মূল পাঠাংশ "সামুদ্রিক বা মেরিটাইম শিল্প, জ্বালানি ও ধাতব শিল্পের খাত, এবং সংশ্লিষ্ট কমিউনিটির জন্য নিষেধাজ্ঞা বা স্যাংশন উপদেশক" দেখুন, সামুদ্রিক শিল্পখাতে নিষেধাজ্ঞা এড়ানো রোধ করতে নিরীক্ষামূলক পূর্ব-পদক্ষেপগুলোর উত্তম পন্থার জন্য "সংযোজন A: সামুদ্রিক শিল্পখাতে নিষেধাজ্ঞা প্রতিপালনের প্রচেষ্টার সহায়তায় বাড়তি নির্দেশনা এবং তথ্য" দেখুন, এবং OFAC "A Framework for OFAC Compliance Commitments," (OFAC প্রতিপালনের

প্রতিশ্রুতিসমূহের একটি কাঠামো) শিরোনামে একটি নথি বা ডকুমেন্ট প্রকাশ করেছে যা শিল্পখাতকে নিষেধাজ্ঞা বা স্যাংশন প্রতিপালনের সামগ্রিক উত্তম পন্থাসমূহ প্রদান করে।

# ইরান

*এই অনুচ্ছেদ সামুদ্রিক শিল্পখাতের সাথে সম্পর্কিত ইরান-সংশ্লিষ্ট যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা বা স্যাংশনসমূহ সম্পর্কে তথ্য প্রদান করে, এতে অন্তর্ভুক্ত পুঙ্খানুপুঙ্খ নয় এমন একটি ভিত্তির তালিকা যেগুলোর কারণে কোনো ব্যক্তি ইউ.এস. সরকার দ্বারা নিষেধাজ্ঞা বা স্যাংশনের মুখোমুখি হতে পারে। এই বিশ্বব্যাপী সামুদ্রিক উপদেশকের সাথে অন্য নথিগুলো একত্রিত করে, ইউ.এস. ডিপার্টমেন্ট অফ ট্রেজারির বৈদেশিক সম্পদ নিয়ন্ত্রণ দপ্তর (অফিস অফ ফরেন অ্যাসেটস্ কন্ট্রোল, OFAC) কর্তৃক 4 সেপ্টেম্বর, 2019 তারিখে ইস্যুকৃত ইরান সংক্রান্ত শিপিং উপদেশক এই সংযোজন হালনাগাদ ও বর্ধিত করে। এই উপদেশকের তারিখ পর্যন্ত এই তথ্য সর্বসাম্প্রতিক; কিন্তু ইরান সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য সকল পক্ষের নিয়মিত OFAC-এর ওয়েবসাইট দেখা উচিত।[14] পরবর্তী একটি তারিখে, OFAC হয়ত এই উপদেশকের প্রবর্ধিত হালনাগাদ জারি করতে পারে, এতে অন্তর্ভুক্ত জাহাজের তালিকা যেটা পূর্ববর্তী শিপিং উপদেশকে উল্লিখিত হয়েছে। OFAC নিষিদ্ধ বা ব্লকড্ সম্পত্তি হিসেবে শনাক্তকৃত জাহাজসমূহের পাশাপাশি নিষেধাজ্ঞা প্রাপ্ত ব্যক্তিদের একটি বিস্তারিত, একত্রীকরণ করা, এবং খোঁজা যায় এমন একটি তালিকা, যা বিশেষভাবে চিহ্নিত নাগরিক ও ব্যক্তিদের তালিকা (লিস্ট অভ স্পেশালি ডেজিকনেটেড ন্যাশনালস্ অ্যান্ড পার্সনস্, SDN লিস্ট বা তালিকা)-এ বজায় রাখে।[15]*

## ইরান সংশ্লিষ্ট কর্মকাণ্ডে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা

OFAC ইরানের বিরুদ্ধে বিস্তারিত নিষেধাজ্ঞা ও একটি সরকারী নিষিদ্ধকরণ বা ব্লকিং কর্মসূচি পরিচালনা ও প্রয়োগ করে, যা ইরানের লেনদেন ও নিষেধাজ্ঞার প্রবিধান (ইরানিয়ান ট্র্যাঞ্জেকশন অ্যান্ড স্যাংশন রেগুলেশন), 31 C.F.R. পার্ট 560 (ITSR)-এ উল্লিখিত আছে। যুক্তরাষ্ট্রের নাগরিক বা যুক্তরাষ্ট্র-মালিকানাধীন বা -নিয়ন্ত্রিত বিদেশী প্রতিষ্ঠান বা যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে ইরান বা ইরানের সরকারের সাথে মুষ্টিমেয় প্রত্যক্ষ বা পরোক্ষ লেনদেন ITSR নিষিদ্ধ করেছে, যদিনা OFAC দ্বারা অনুমোদিত হয় অথবা বিধিবদ্ধ আইন দ্বারা নিষ্কৃতি দেয়া হয়। এছাড়া, ইরানী সরকারের যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে অবস্থিত সম্পত্তি ও সম্পত্তিতে স্বার্থ আছে, যেগুলো ভবিষ্যতে যুক্তরাষ্ট্রের এক্তিয়ারে আসবে, অথবা যেটা বর্তমানে বা ভবিষ্যতে যুক্তরাষ্ট্রের কোনো ব্যক্তির অধীনে বা নিয়ন্ত্রণে আসবে, যা ITSR-এর সেকশন 560.304-এ সংজ্ঞায়িত হয়েছে, এতে অন্তর্ভুক্ত, ইরানী সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রিত যেকোনো সম্পত্তি। উপরন্তু, একটি প্রযোজ্য অব্যাহতি বা OFAC অনুমোদন ছাড়া, বিদেশী ব্যক্তিরা, এতে অন্তর্ভুক্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহের, যুক্তরাষ্ট্রে বা এর মধ্য দিয়ে এই নিষেধাজ্ঞা লঙ্ঘন করে লেনদেন প্রক্রিয়াকরণ করা নিষিদ্ধ, এতে অন্তর্ভুক্ত যুক্তরাষ্ট্রের সংগতিপূর্ণ অ্যাকাউন্টের মধ্য দিয়ে ইরানী আর্থিক প্রতিষ্ঠান, ইরানে অবস্থিত অন্যান্য ব্যক্তির জন্য বা তার পক্ষ হয়ে লেনদেনসমূহ থেকে অথবা ঐসব পরিষেবা থেকে অন্যথায় ইরান লাভবান হবে।

## যুক্তরাষ্ট্র সরকারের নিষেধাজ্ঞা বা স্যাংশন কর্তৃপক্ষ সমূহ

এর অতিরিক্ত, যুক্তরাষ্ট্রে- বসবাসকারী ব্যক্তি নয় — এতে অন্তর্ভুক্ত আছে বিদেশী আর্থিক প্রতিষ্ঠান সমূহ— SDN তালিকায় অন্তর্ভুক্ত কোনো ইরানী ব্যক্তিকে সজ্ঞাতে উল্লেখযোগ্য লেনদেনের ব্যবস্থা করে দেয়া অথবা নির্দিষ্ট উপকরণ দিয়ে সহায়তা দান করলে, যেমন ন্যাশনাল ইরানিয়ান অয়েল কম্পানি (NIOC), ন্যাশনাল ইরানিয়ান ট্যাঙ্কার কম্পানি (NITC), এবং ইসলামিক রিপাবলিক অফ ইরান শিপিং লাইনস্ (IRISL), যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার

[24] OFAC, "Iran Sanctions (ইরান নিষেধাজ্ঞাসমূহ)," https://www.treasury.gov/resource-center/sanctions/programs/pages/iran.aspx.

[25] OFAC, "List of Specially Designated Nationals and Blocked Persons (SDN List) (বিশেষভাবে চিহ্নিত নাগরিক ও নিষিদ্ধ ব্যক্তিদের তালিকা (SDN তালিকা))," https://www.treasury.gov/resource-center/sanctions/sdn-list/pages/default.aspx.

মুখোমুখির ঝুঁকিতে পরবে, এর ব্যতিক্রম হবে চিহ্নিত-নয় এমন ইরানী পণ্যাদি গচ্ছিত রাখার ভাণ্ডারসমূহ।[16] এই অনুমতি সমূহে সাধারণত সুনির্দিষ্ট অব্যাহতি ও ব্যাতিক্রম প্রযোজ্য, এতে অন্তর্ভুক্ত (i) ইরানে খাদ্য, ঔষধ, চিকিৎসার সরঞ্জাম, এবং কৃষি পণ্য রপ্তানির জন্য ব্যাতিক্রম হবে, এবং (ii) আফগানিস্তানের পুনঃনির্মাণে সহায়তা এবং আর্থিক উন্নয়নের ক্ষেত্রে ব্যতিক্রম হবে। এমনকি যদি একটি অব্যাহতি অথবা ব্যাতিক্রম প্রয়োগ করা হয়, ইরানের ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কর্পস্ (IRGC) অথবা ইরানের সন্ত্রাসবাদে সমর্থনদানের বা এটার গণবিধ্বংসী মারণাস্ত্র বিস্তার বা সেগুলোর সরবরাহ ব্যবস্থার সাথে সম্পর্কিত চিহ্নিত কোনো ব্যক্তির সাথে সুনির্দিষ্ট লেনদেন যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার মুখোমুখি হতে পারে।

পেট্রোলিয়াম, পেট্রোলিয়াম সামগ্রী, এবং পেট্রোকেমিক্যাল সামগ্রী:

5 নভেম্বর, 2018 তারিখ বা এরপর, ইরান থেকে পেট্রোলিয়াম, পেট্রোলিয়াম সামগ্রী (যেমন, বিমানের গ্যাসোলিন, গাড়ির গ্যাসোলিন, চোলাই করা জ্বালানি তেল) বা পেট্রোকেমিক্যাল সামগ্রী ক্রয়, অধিগ্রহণ, পরিবহন, অথবা মার্কেটিং, এবং ইরানের অপরিশোধিত বা ক্রুড তেল পরিবহনকারী জাহাজের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিরা যুক্তরাষ্ট্রের ইরান সম্পর্কিত নিষেধাজ্ঞা কর্তৃপক্ষ দ্বারা নিষেধাজ্ঞার ঝুঁকিতে পড়বে, যদিনা একটি অব্যাহতি বা ব্যতিক্রম প্রযোজ্য হয়।[17] পেট্রোলিয়াম, পেট্রোলিয়াম সামগ্রী, এবং পেট্রোকেমিক্যাল সামগ্রীর সংজ্ঞা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে E.O. 13846-এর সেকশন 16 দেখুন।

ইরানের অর্থনীতির ধাতব এবং বাড়তি শনাক্তকৃত শিল্পখাত সমূহ:

যেসব ব্যক্তি ইরানের লোহা, ইস্পাত, অ্যালুমিনিয়াম, অথবা তামা শিল্পখাতে ব্যবসারত, অথবা যে সজ্ঞাতে ইরানে ঐ শিল্পখাতের সাথে সম্পর্কিত উল্লেখযোগ্য পরিমাণ পণ্য বা পরিষেবা ক্রয়, সরবরাহ, বা স্থানান্তর সংক্রান্ত উল্লেখযোগ্যভাবে লেনদেনে সম্পৃক্ত হয় অথবা ইরান থেকে লোহা, ইস্পাত, অ্যালুমিনাম, অথবা তামা ক্রয়, অধিগ্রহণ, বিক্রয়, বা পরিবহন, বা মার্কেটিং করে তারা E.O. 13871 অনুযায়ী নিষেধাজ্ঞার মুখোমুখি হবার ঝুঁকিতে পরে, যদিনা একটি অব্যাহতি বা একটি ব্যতিক্রম প্রযোজ্য হয়। একইভাবে, কোনো ব্যক্তি যে সজ্ঞানে ইরানে বা সেখান থেকে মূল্যবান ধাতু বা নির্দিষ্ট উপাদান, এতে অন্তর্ভুক্ত কয়লা, গ্রাফাইট, বা নির্দিষ্ট কাঁচা বা অর্ধ-প্রস্তুত ধাতু, যেমন অ্যালুমিনাম ও ইস্পাত, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রয়, সরবরাহ, বা স্থানান্তর করে তাহলে সে নিষেধাজ্ঞার ঝুঁকিতে পরে, যদি ঐ ধাতু বা উপাদান সুনির্দিষ্ট শেষ-ব্যবহারকারী বা শেষ-ব্যবহারকারীদের জন্য হয়।[18] অতিরিক্তভাবে, যেসব ব্যক্তি ইরানের অর্থনীতির নির্মাণ, খনিজ, উৎপাদন, এবং বস্ত্র শিল্পখাতে ব্যবসারত, অথবা যে সজ্ঞানে ইরানে বা সেখান থেকে ঐ শিল্পখাতের সাথে সম্পর্কিত উল্লেখযোগ্য পরিমাণ পণ্য বা পরিষেবা ক্রয়, সরবরাহ, বা স্থানান্তর সংক্রান্ত উল্লেখযোগ্যভাবে লেনদেনে সম্পৃক্ত হয় তারা E.O. 13902 অনুযায়ী নিষেধাজ্ঞার মুখোমুখি হবার ঝুঁকিতে পরে, যদিনা একটি অব্যাহতি বা ব্যতিক্রম প্রযোজ্য হয়।

সামুদ্রিক শিল্পখাতকে ইরানের শিল্পখাত এবং মানবাধিকার লঙ্ঘন জনিত নিষেধাজ্ঞাসমূহের প্রবিধান, 31 C.F.R. পার্ট 562, ও এর পাশাপাশি ইরানের লোহা, ইস্পাত, অ্যালুমিনাম, তামা, নির্মাণ, খনিজ, উৎপাদন, এবং বস্ত্র শিল্পের সাথে সম্পর্কিত এই নতুন অনুমতিগুলোর পরিসর সম্পর্কে অতিরিক্ত পথনির্দেশনা জন্য OFAC-এর

---

[16] ইরান স্বাধীনতা ও বিস্তার-রোধ আইন (ইরান ফ্রিডম অ্যান্ড কাউন্টার-প্রোলিফারেশন অ্যাট, IFCA), §§ 1244(c) অ্যান্ড 1247(a); সমন্বিত ইরানে নিষেধাজ্ঞা, জবাবদিহিতা, এবং অধিকারচ্যুত করণ আইন (কম্প্রিহেন্সিভ ইরান স্যাংশন, অ্যাকাউন্টাবিলিটি, অ্যান্ড ডাইভেস্টমেন্ট অ্যাক্ট, CISADA), § 104; E.O. 13846, §§ 1 and 2 *দেখুন*।

[27] E.O. 13846, §§ 2 এবং 3; ইরানের নিষেধাজ্ঞা আইন (ইরান স্যাংশন অ্যাক্ট) (ISA), § 5(a)(7) এবং (7) *দেখুন*।

[28] *যেমন*, IFCA § 1245 *দেখুন।*

ওয়েবসাইট দেয়া পথনির্দেশনা পর্যালোচনা করতে সুপারিশ করা হচ্ছে। লক্ষ্য রাখা ভাল, E.O. 13871-এ বর্ণিত কর্মকাণ্ডের জন্য কমিয়ে-আনার সময়সীমা 6 অগাস্ট, 2019-এ মেয়াদোত্তীর্ণ হয়েছে; E.O. 13902-এ বর্ণিত কর্মকাণ্ডের জন্য কমিয়ে-আনার সময়সীমা 9 এপ্রিল, 2020-এ মেয়াদোত্তীর্ণ হয়েছে। সুনির্দিষ্ট কমিয়ে-আনার সময়সীমার মধ্যে, নিষ্পত্তি করতে ব্যর্থ হলে, এই শিল্পখাতগুলোর সাথে সম্পর্কিত যেকোনো বিদ্যমান নিষেধাজ্ঞা-যোগ্য লেনদেন নিষেধাজ্ঞার ঝুঁকিতে পড়বে, যদিনা একটি প্রযোজ্য অব্যাহতি বা ব্যতিক্রম দ্বারা সুরক্ষিত হয়।

জাহাজের জন্য পরিষেবা সমূহ:

যেসব ব্যক্তি সজ্ঞানে ইরানের জাহাজ অথবা ইরানের নয় এমন জাহাজকে বাংকারিং পরিষেবা (জাহাজ চালনার জন্য জ্বালানী তেল ভরা) প্রদান করে, যেটা ইরান থেকে পেট্রোলিয়াম বা পেট্রোলিয়াম সামগ্রী সহ কার্গো পরিবহন করছে, SDN তালিকায় তালিকাভুক্ত কোনো ইরানী ব্যক্তির জন্য, তাহলে তারা নিষেধাজ্ঞার ঝুঁকির সম্মুখীন হবে, যদিনা একটি অব্যাহতি বা ব্যতিক্রম প্রযোজ্য হয়। অতিরিক্তভাবে, যেসব ব্যক্তি সজ্ঞাতে SDN তালিকায় তালিকাভুক্ত কোনো ইরানী ব্যক্তিকে বা তার জন্য অথবা ইরানের জ্বালানি, শিপিং, বা জাহাজ নির্মাণ শিল্পে কোনো কর্মকাণ্ডে লাভবান হবার জন্য এমন কোনো ব্যক্তিকে বা তার জন্য IRISL, NIOC, NITC সহ বিমাচুক্তির পরিষেবা বা বিমা বা পুনঃবিমা প্রদান করে, যেটার জন্য ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নির্দিষ্ট নিষেধাজ্ঞা জারি করা হয়েছে, তাহলে তারা নিষেধাজ্ঞার ঝুঁকির সম্মুখীন হবে, যদিনা একটি অব্যাহতি বা ব্যতিক্রম প্রযোজ্য হয়।[19] অতিরিক্ত পথনির্দেশনার জন্য, অনুগ্রহ করে OFAC ওয়েবসাইটে দেয়া OFAC-এর বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী পর্যালোচনা করুন।

## শিপিংয়ের প্রতারণামূলক চর্চা সমূহ

বিশ্ব কমিউনিটি যখন ইরানী শাসকগোষ্ঠির উপর চাপ বৃদ্ধি করছে, পেট্রোলিয়াম শিপিং শিল্পখাতে সংশ্লিষ্ট কিছু ব্যক্তি ইরানী লেনদেনে সুবিধা প্রদান করতে প্রতারণামূলক চর্চাসমূহ অব্যাহতভাবে প্রয়োগ করছে। ট্রেজারির দেয়া আখ্যা এবং বিশ্বব্যাপী অংশীদারদের গৃহীত পদক্ষেপের প্রমাণ স্বরূপ, চিহ্নিতরা, যেমন ইরানের IRGC-QF, যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা এড়িয়ে যাবার জন্য তেলের শিপমেন্টের উৎস, গন্তব্য, এবং গ্রহণকারী তথ্য বিভ্রান্তিমূলক করছে। লক্ষ্য করুন যে এই ধরণের প্রতারণামূলক কৌশল ইরান কিংবা ইরানের পেট্রোলিয়াম শিল্পের জন্য অনন্য কিছু নয়।

জ্ঞাত নিষেধাজ্ঞা এড়ানোর কৌশলসমূহের জন্য, অনুগ্রহ করে মূল পাঠাংশ “সামুদ্রিক বা মেরিটাইম শিল্প, জ্বালানি ও ধাতব শিল্পের খাত, এবং সংশ্লিষ্ট কমিউনিটির জন্য নিষেধাজ্ঞা বা স্যাংশন উপদেশক” দেখুন, শিপিং শিল্পখাতে নিষেধাজ্ঞা এড়ানো রোধ করতে নিরীক্ষামূলক পূর্ব-পদক্ষেপগুলোর সম্ভাব্য পন্থাসমূহের জন্য “সংযোজন A: সামুদ্রিক শিল্পখাতে নিষেধাজ্ঞা প্রতিপালনের প্রচেষ্টার সহায়তায় বাড়তি নির্দেশনা এবং তথ্য" দেখুন, এবং OFAC, “A Framework for OFAC Compliance Commitments,” (OFAC প্রতিপালনের প্রতিশ্রুতিসমূহের একটি কাঠামো) শিরোনামে একটি নথি বা ডকুমেন্ট প্রকাশ করেছে যা শিল্পখাতকে নিষেধাজ্ঞা বা স্যাংশন প্রতিপালনের সামগ্রিক উত্তম পন্থাসমূহ প্রদান করে।

[29] *যেমন,* IFCA § 1246 *দেখুন।*

## সিরিয়া

*এই অনুচ্ছেদ সামুদ্রিক শিল্পখাতের সাথে সম্পর্কিত সিরিয়া-সংশ্লিষ্ট যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা বা স্যাংশনসমূহ সম্পর্কে তথ্য প্রদান করে, এতে অন্তর্ভুক্ত পুঙ্খানুপুঙ্খ নয় এমন একটি ভিত্তির তালিকা যেগুলোর কারণে কোনো ব্যক্তি যুক্তরাষ্ট্রের সরকার দ্বারা নিষেধাজ্ঞা বা স্যাংশনের মুখোমুখি হতে পারে। এই বিশ্বব্যাপী সামুদ্রিক উপদেশকের সাথে অন্য নথিগুলো একত্রিত করে, ইউ.এস. ডিপার্টমেন্ট অভ ট্রেজারির বৈদেশিক সম্পদ নিয়ন্ত্রণ দপ্তর (অফিস অভ ফরেন অ্যাসেটস্ কন্ট্রোল, OFAC) কর্তৃক 20 নভেম্বর, 2018, এবং 25 মার্চ, 2019 তারিখ ইস্যুকৃত সিরিয়া সংক্রান্ত শিপিং উপদেশকগুলো এই সংযোজন হালনাগাদ ও বর্ধিত করে। এই উপদেশকের তারিখ পর্যন্ত এই তথ্য সর্বসাম্প্রতিক; কিন্তু সিরিয়া সংশ্লিষ্ট নিষেধাজ্ঞা কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য সকল পক্ষের নিয়মিত OFAC-এর ওয়েবসাইট দেখা উচিত। পরবর্তী একটি তারিখে, OFAC হয়ত এই উপদেশকের প্রবর্ধিত হালনাগাদ জারি করতে পারে, এতে অন্তর্ভুক্ত জাহাজের তালিকা যেটা পূর্ববর্তী শিপিং উপদেশকে উল্লিখিত হয়েছে। OFAC নিষিদ্ধ বা ব্লকড্ সম্পত্তি হিসেবে শনাক্তকৃত জাহাজসমূহের পাশাপাশি নিষেধাজ্ঞা প্রাপ্ত ব্যক্তিদের একটি বিস্তারিত, একত্রীকরণ করা, এবং খোঁজা যায় এমন একটি তালিকা, যা বিশেষভাবে চিহ্নিত নাগরিক ও ব্যক্তিদের তালিকা (লিস্ট অভ স্পেশালি ডেজিকনেটেড ন্যাশনালস্ অ্যান্ড পার্সনস্, SDN লিস্ট বা তালিকা)-এ বজায় রাখে।*

### যুক্তরাষ্ট্র সরকার দ্বারা সিরিয়া সংশ্লিষ্ট নিষিদ্ধকৃত কর্মকাণ্ড

ইউ.এস. নাগরিক দ্বারা অথবা যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে লেনদেন যুক্তরাষ্ট্র সাধারণত নিষিদ্ধ করে, যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, সিরিয়ার সরকারের সাথে জড়িত, অথবা সিরিয়ার নিষেধাজ্ঞার প্রবিধানসমূহ, 31 C.F.R. Part 542 অধীনে নিষেধাজ্ঞা প্রাপ্ত প্রতিষ্ঠান। 'সিরিয়ার সরকার' এই পরিভাষায় অন্তর্ভুক্ত আছে: (a) সিরিয়ান আরব রিপাবলিকের রাষ্ট্র এবং সরকার, এর পাশাপাশি রাজনৈতিক উপবিভাগ, সংস্থা, অথবা সেগুলোর সহায়তায়, সিরিয়ার কেন্দ্রীয় ব্যাংক সহ; (b) পূর্বে উল্লিখিত দ্বারা, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, মালিকানাধীন বা নিয়ন্ত্রিত কোনো সত্তা, এতে অন্তর্ভুক্ত যেকোনো কর্পোরেশন, অংশীদারিত্ব, সংঘ, বা অন্য সত্তা যেটায় সিরিয়ার সরকারের 50 শতাংশ বা এরচেয়ে বেশি স্বার্থ বা একটি নিয়ন্ত্রণমূলক স্বার্থ আছে, এবং যেকোনো সত্তা যেটা অন্যথায় ঐ সরকার দ্বারা নিয়ন্ত্রিত; (c) উপরিল্লিত যেকোনটির জন্য বা পক্ষে থেকে কোনো ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কাজ বা কাজের ভান করছে বা করেছে; এবং (d) অন্য যেকোন ব্যক্তি (a) থেকে (c)-তে অন্তর্ভুক্ত হবে বলে OFAC সিদ্ধান্ত নিয়েছে।

E.O. 13582 অনুযায়ী, সিরিয়া থেকে উৎপত্তি পেট্রোলিয়াম বা পেট্রোলিয়াম সামগ্রী যুক্তরাষ্ট্রে আমদানী করা এবং যুক্তরাষ্ট্রের কোনো ব্যক্তি দ্বারা সিরিয়া থেকে উৎপত্তি পেট্রোলিয়াম বা পেট্রোলিয়াম সামগ্রী লেনদেনে বা এর সাথে সংশ্লিষ্ট, বা সেই সংক্রান্ত সহায়তা যুক্তরাষ্ট্র নিষিদ্ধ করেছে।

অতিরিক্তভাবে, যুক্তরাষ্ট্র বুঝতে পারে যে সিরিয়ার জটিল ও পরিবর্তনশীল পরিস্থিতির কারণে অন্য অবৈধ ব্যবসায়ীরা ঐ শিল্পখাতে কর্ম-তৎপরতা চালায়, এতে অন্তর্ভুক্ত সন্ত্রাসবাদের সাথে সম্পৃক্ত ব্যক্তিরা এবং অবৈধ ইরানী- বা রাশিয়ান-সংশ্লিষ্ট কর্মকাণ্ড।[20]

### নিষেধাজ্ঞা বা স্যাংশনের ঝুঁকি এবং যুক্তরাষ্ট্র সরকারের সিরিয়া-সংক্রান্ত নিষেধাজ্ঞা কর্তৃপক্ষ

---

30 সন্ত্রাসবাদ প্রতিহত করা, ইরান, অথবা রাশিয়া সংক্রান্ত OFAC-এর নিষিদ্ধকরণ সম্পর্কে বাড়তি বিস্তারিত তথ্যের জন্য, দেখুন https://www.treasury.gov/resource-center/sanctions/Pages/default.aspx

যে বিদেশী ব্যক্তিরা সজ্ঞাতে সিরিয়ার সরকারকে উল্লেখযোগ্য আর্থিক, উপাদান, অথবা প্রযুক্তিগত সহায়তা প্রদান করেছে, অথবা সজ্ঞানে বা জেনে-শুনে কোনো উল্লেখযোগ্য লেনদেনে সম্পৃক্ত হয়েছে; অথবা যে সজ্ঞানে বা – জেনে- শুনে বিক্রয় বা উল্লেখযোগ্য পরিমাণ পণ্য, পরিষেবা, প্রযুক্তি, তথ্য, বা অন্যান্য সহায়তা প্রদান করেছে যা সিরিয়ার সরকারের প্রাকৃতিক গ্যাস, পেট্রোলিয়াম, বা পেট্রোলিয়াম সামগ্রীর দেশীয় উৎপাদন উল্লেখযোগ্যভাবে রক্ষণাবেক্ষণ বা সম্প্রসারণে সহায়তা করে বলে নির্ধারিত হয়েছে, যুক্তরাষ্ট্রের আইন তাদের উপর বাধ্যতামূলক নিষেধাজ্ঞা আরোপ করে। এতে অন্তর্ভুক্ত হতে পারে সত্তা বা ব্যক্তিসমূহ যারা সিরিয়ার সরকার বা সরকার মালিকানাধীন সত্তাসমূহ, যেমন যুক্তরাষ্ট্র চিহ্নিতকৃত তেল পরিবহনকারী সিরিয়ার কম্পানি অথবা বানিয়াস (Banias) রিফাইনারি কম্পানিকে পেট্রোলিয়াম শিপমেন্ট সরবরাহ বা অর্থায়ন করে।

## শিপিংয়ের প্রতারণামূলক চর্চা সমূহ

সিরিয়ার সরকার, বাশার-আল-আসাদ শাসকগোষ্ঠি, এবং যারা তাদের বর্বরতা ও সিরিয়ার জনগনকে হত্যায় অব্যাহতভাবে সমর্থন দিয়ে যাচ্ছে তাদেরকে যুক্তরাষ্ট্র দায়বদ্ধ করতে অঙ্গীকারবদ্ধ। এই মর্মে, সরবরাহ ব্যবস্থা এবং পেট্রোলিয়াম সংক্রান্ত শিপমেন্ট সামুদ্রিক শিল্পখাতে সংশ্লিষ্ট তাদের জন্য উল্লেখযোগ্য নিষেধাজ্ঞার ঝুঁকি তৈরি করে। ইরান এবং রাশিয়ার মত দেশগুলো সিরিয়ার সরকারকে পেট্রোলিয়াম ও অন্য পণ্যসামগ্রী সরবরাহে জড়িত রয়েছে। এই কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত, 2019 সেপ্টেম্বরে, সিরিয়ার বানিয়াস (Banias)-এ তৎপরতা পরিচালনাকারী রাশিয়ার সামরিক বাহিনীকে বিমানের জ্বালানি (জেট ফিউল) বিক্রয় ও সরবরাহ করার জন্য ম্যারিটাইম অ্যাসিস্ট্যান্স LLC এবং তিনজন ব্যক্তির উপর OFAC নিষেধাজ্ঞা আরোপ করেছে। বিচ্ছিন্নভাবে, 2018 নভেম্বরে, সিরিয়ার জন্য ইরানি তেল সংগ্রহ করার অভিসন্ধিতে জড়িত হওয়ার জন্য ইরানি এবং রাশিয়ার বেসরকারি ও সরকারি খাতের সত্তাসমুহের উপর OFAC নিষেধাজ্ঞা আরোপ করেছে। এই অভিসন্ধি অর্থ পরিশোধের জন্য পুষিয়ে নেয়ার জন্য এমনভাবে আয়োজন করে, যেটায় ইরানের তেল সিরিয়াতে বিক্রয় ও সরবরাহ করার বদলে ইরানের সন্ত্রাসবাদ প্রতিনিধিত্বকারী গোষ্ঠিগুলো কোটি কোটি ডলার হাতে পাচ্ছে, এই গোষ্ঠিগুলোতে অন্তর্ভুক্ত হিজবুল্লাহ, HAMAS, এবং IRGC-QF।

অতিরিক্ত জ্ঞাত নিষেধাজ্ঞা এড়ানোর কৌশলসমূহের বিস্তারিত বিবরণের জন্য, অনুগ্রহ করে মূল পাঠাংশ "সামুদ্রিক বা মেরিটাইম শিল্প, জ্বালানি ও ধাতব শিল্পের খাত, এবং সংশ্লিষ্ট কমিউনিটির জন্য নিষেধাজ্ঞা বা স্যাংশন উপদেশক" দেখুন, শিপিং শিল্পখাতে নিষেধাজ্ঞা এড়ানো রোধ করতে নিরীক্ষণমূলক পূর্ব-পদক্ষেপগুলোর উত্তম পন্থার জন্য "সংযোজন A: সামুদ্রিক শিল্পখাতে নিষেধাজ্ঞা প্রতিপালনের প্রচেষ্টার সহায়তায় বাড়তি নির্দেশনা এবং তথ্য" দেখুন, এবং OFAC "A Framework for OFAC Compliance Commitments," (OFAC প্রতিপালনের প্রতিশ্রুতিসমূহের একটি কাঠামো) শিরোনামে একটি নথি বা ডকুমেন্ট প্রকাশ করেছে যা শিল্পখাতকে নিষেধাজ্ঞা বা স্যাংশন প্রতিপালনের সামগ্রিক উত্তম পন্থাসমূহ প্রদান করে।